# KUET Bulletin

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বুলেটিন

১২তম বর্ষ, ১ম সংখ্যা, জানুয়ারি-জুন, ২০১৯

## “লক্ষ্য ঠিক থাকলে এবং হৃদয়ে বিশ্বাস থাকলে জয় অবশ্যই আসবে”

- বেগম মন্নুজান সুফিয়ান



বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০১৮ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান এমপি এবং সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০১৮ সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। ০৮ মার্চ শুক্রবার বিকাল সাড়ে ৪টায় বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান এমপি এবং সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। প্রধান অতিথির বক্তৃতায় বেগম মন্নুজান সুফিয়ান বলেন, “তথ্য প্রযুক্তি নির্ভর একটি জাতি উপহার দিতে না পারলে মুক্তিযোদ্ধাদের ঋণ শোধ হবে না। ঐক্যবদ্ধ থাকতে পারলে আমরা উন্নত সমৃদ্ধশালী দেশ গড়তে সক্ষম হবো”। তিনি আরো বলেন, “সুস্থ্য শরীর ও সুস্থ্য মনের মানুষই পারে দেশকে (০২ পৃষ্ঠায় দেখুন)

## “এদেশের সাধারণ মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করতে হবে”

- কুয়েট ভাইস-চ্যান্সেলর




২০১৮-১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের আনুষ্ঠানিকভাবে শিক্ষাজীবন শুরু উপলক্ষে ‘ওরিয়েন্টশন ২০১৯’ অনুষ্ঠানে শিক্ষার্থীদের সাথে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেনসহ অন্যান্য অতিথিবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বিএস-সি ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে উপস্থিত ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে বক্তৃতায় বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন বলেন, “উচ্চ শিক্ষা ও জ্ঞানার্জনের মাধ্যমে এদেশের মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করতে হবে। তোমরা বিজ্ঞান ও প্রযুক্তির এক বিশাল ভান্ডারের (০২ পৃষ্ঠায় দেখুন)

## “লক্ষ্য ঠিক থাকলে এবং হৃদয়ে বিশ্বাস থাকলে জয় অবশ্যই আসবে”

(০১ পৃষ্ঠার পর) এগিয়ে নিতে, এক্ষেত্রে খেলাধুলা খুবই গুরুত্বপূর্ণ। লেখাপড়ার পাশাপাশি শিক্ষার্থীদেরকে দেশ গড়ার কাজে অংশ নিতে হবে। লক্ষ্য ঠিক থাকলে এবং হৃদয়ে বিশ্বাস থাকলে জয় অবশ্যই আসবে”। সভাপতির বক্তৃতায় কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন বলেন, মন এবং শরীর সুস্থ্য থাকলে লেখাপড়ার প্রতি শিক্ষার্থীদের আগ্রহ বৃদ্ধি পাবে, এক্ষেত্রে খেলাধূলা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, ছাত্র কল্যাণ কমিটির আহ্বায়ক মোঃ আবুল হাসান শোভন ও সদস্য সচিব সাদমান নাহিয়ান সেজান এবং সঞ্চালনা করেন পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার। প্রধান অতিথি দীর্ঘ সময় ধরে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ক্রীড়াশৈলী উপভোগ করেন এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

সর্বমোট ৩৮ টি ইভেন্টে এই ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় ব্যক্তিগত ইভেন্টে ছাত্রদের মধ্যে মোঃ তমিরুল ইসলাম এবং ছাত্রীদের মধ্যে তানজিলা পারভীন এমি চ্যাম্পিয়ন হয়। এছাড়া বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল ও অমর একুশে হল যৌথভাবে চ্যাম্পিয়ন ট্রফি এবং লালন শাহ্ হল রানার-আপ ট্রফি লাভ করে। উল্লেখ্য, সকালে জাতীয় পতাকা উত্তোলন, বেলুন ও কবুতর উড়িয়ে ক্রীড়া প্রতিযোগিতার শুভ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এর আগে গত ২৭ ফেব্রুয়ারি থেকে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার বিভিন্ন ইভেন্ট শুরু হয়। ক্রীড়া প্রতিযোগিতার ইভেন্টগুলোর মধ্যে ছিল বিভিন্ন ধরণের দৌড়, উচ্চ লাফ, লাফ ধাপ ঝাপ, দীর্ঘ লাফ, চাকতি নিক্ষেপ, গোলক নিক্ষেপ, বর্শা নিক্ষেপ, ঝুড়িতে বল নিক্ষেপ, রিলে রেস, তিন পায়ে দৌড়, ভাগ্য দৌড়, ধীরে সাইকেল চালনা, ভারসাম্য দৌড়, অন্ধের হাড়ি ভাঙ্গা, যেমন খুশি তেমন সাজো, বালিশ বদল, দড়ি টানা-টানি ইত্যাদি।

## “এদেশের সাধারণ মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করতে হবে”

(প্রথম পৃষ্ঠার পর) উৎসমুখে হাজির হয়েছো, তোমাদেরকে শিক্ষার মৌলিক উদ্দেশ্য ও লক্ষ্য থেকে বিচ্যুত হলে চলবে না”। তিনি আরো বলেন, “সেশনজট মুক্ত এ বিশ্ববিদ্যালয় থেকে নির্ধারিত সময়ের মধ্যেই ডিগ্রী সম্পন্ন করার মানসিক প্রস্তুতি নিতে হবে। দেশের সাধারণ মানুষের ট্যাক্সের টাকায় তোমাদের লেখাপড়া চলে, বিষয়টি মাথায় রেখে তাদের সেবা করার মানসিকতা নিয়ে তোমাদের মেধার সর্বোত্তম ব্যবহার করতে হবে”। ২৪ জানুয়ারি বৃহস্পতিবার সকাল ১০টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন এবং নিজ নিজ অনুষদের শিক্ষার্থীদের পরিচয় করিয়ে দেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম। এছাড়া বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, রেজিস্ট্রার জি এম শহিদুল আলম এবং নবাগত শিক্ষার্থীদের মধ্য থেকে অনুভূতি ব্যক্ত করেন সুবাহ্ নাওয়ার এবং মোঃ মাশরুর আলম। পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদারের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য, ইনস্টিটিউট পরিচালকগণ, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, পরিচালকগণ, বিভিন্ন হলের প্রভোস্টগণ, একাডেমিক কাউন্সিলের সদস্যগণ, শিক্ষকগণ, দপ্তর প্রধানগণ, উচ্চপদস্থ কর্মকর্তাগণ, সাংবাদিকবৃন্দ, নবাগত ছাত্র-ছাত্রীবৃন্দ এবং তাদের অভিভাবকবৃন্দসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। ওরিয়েন্টেশন শেষে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে কুয়েট ভলেন্টারি ব্লাড ডোনেশান সোসাইটি “ড্রিমস্” এর উদ্যোগে ব্লাড গ্রুপিং কার্যক্রম, বিএনসিসি কার্যক্রম এবং “নো ড্রাগস, নো র‌্যাগিং, নো স্মোকিং, নো ওয়েস্ট লিটারিং” বিষয়ে শিক্ষার্থীদের সম্পৃক্তকরণ কার্যক্রমের অনুষ্ঠিত হয়। এদিনের বিভিন্ন সময়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ তাদের বিভাগে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিয়ে বিভাগীয় ওরিয়েন্টেশন আয়োজন করে। উল্লেখ্য, কুয়েটে এ শিক্ষাবর্ষে ৩টি অনুষদের অন্তর্গত ১৬ টি স্নাতক ডিগ্রী প্রদানকারী বিভাগে ১০৬৫ জন শিক্ষার্থী ভর্তি হয়।

## যথাযোগ্য মর্যাদায় “মহান স্বাধীনতা ও জাতীয় দিবস” উদ্‌যাপিত

(০৩ পৃষ্ঠার পর) সেন্টারে অনুষ্ঠিত শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এছাড়া, আসর বাদ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া মাহ্‌ফিল এবং সন্ধ্যা সাড়ে ৬ টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে স্বাধীনতা দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

## “বাংলাদেশের প্রযুক্তিগত উন্নয়নে কুয়েট অগ্রগামী ভূমিকা পালন করছে”

(শেষ পৃষ্ঠার পর) উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ইউজিসি’র সদস্য প্রফেসর ড. এম. শাহ্ নওয়াজ আলি, বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন ও বিশ্ববিদ্যালয় দিবস উদ্‌যাপন কমিটির সভাপতি ও সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী বক্তৃতা করেন। এরপর সকাল ১০টায় অনুষ্ঠিত হয় আনন্দ শোভাযাত্রা। শোভাযাত্রায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, সাংবাদিক, আমন্ত্রিত অতিথিসহ বাহারী সাজে সজ্জিত হয়ে বিভিন্ন হলের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। শোভাযাত্রাটি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ফুলবাড়ীগেট এলাকা প্রদক্ষিণ শেষে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের সামনে এসে শেষ হয়।

সকাল সাড়ে ১০টা থেকে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্ভাবিত বিভিন্ন প্রজেক্ট ও পোস্টার প্রদর্শনী, টেকনিক্যাল পেপার প্রেজেন্টেশন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন ইউজিসি’র মাননীয় সদস্য প্রফেসর ড. এম. শাহ্ নওয়াজ আলি। প্রধান অতিথি তাঁর বক্তৃতায় বলেন, “বাংলাদেশের উন্নয়নের জন্য প্রযুক্তি শিক্ষা খুবই গুরুত্বপূর্ণ। এ ক্ষেত্রে কুয়েট অগ্রগামী ভূমিকা পালন করছে। কুয়েটকে স্ব-মহিমায় উন্নীত করার জন্য বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে মিলেমিশে কাজ করতে হবে”। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ৭১ এর বীর মুক্তিযোদ্ধাদের অবদান স্মরণ করে প্রধান অতিথি আরো বলেন, “বাংলাদেশ বিশ্বের কাছে এখন এক অনন্য মডেল, আর এ বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থীরা এদেশের অগ্রযাত্রার সৈনিক”। সভাপতি তাঁর বক্তৃতায় বলেন, “কুয়েট আজ দেশের অন্যতম সেরা উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান। আমাদের গ্রাজুয়েটেরা আজ দেশের সীমানা ছাড়িয়ে বিদেশেও সুনামের সাথে কাজ করছে। আমি বিশ্বাস করি, সেদিন দুরে নয় যখন বিশ্বের স্বনামধন্য বিশ্ববিদ্যালয়ের তালিকায় কুয়েট স্থান করে নেবে। এজন্য শিক্ষক ও শিক্ষার্থীদেরকে আরো বেশী করে গবেষণায় মনোনিবেশ করতে হবে”। আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার এবং স্বাগত বক্তৃতা করেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া। উদ্বোধনী অনুষ্ঠান ও আলোচনা সভা সঞ্চালনা করেন যথাক্রমে পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার এবং ইউআরপি বিভাগের প্রভাষক খন্দকার মোহাম্মদ মহিউদ্দিন ইকরাম। দুপুর পৌনে ১টায় বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধের ভাস্কর্য ‘দুর্বার বাংলা’ চত্বরে প্রধান অতিথি গাছের চারা রোপন করেন। এছাড়া বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে দর্শনার্থীদের জন্য বিভিন্ন বিভাগের ল্যাবসমূহ উন্মুক্তকরণ, ছাত্র-শিক্ষক প্রীতি ফুটবল ম্যাচ, দোয়া মাহফিল এবং সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, ২০০৩ সালের ০১ সেপ্টেম্বর প্রতিষ্ঠা লাভ করে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট)। এবছর ১৬তম বর্ষে পদার্পন করছে নবীন এ বিশ্ববিদ্যালয়টি। প্রতিবছর ০১ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় দিবস পালিত হলেও পবিত্র ঈদের ছুটির পরপরই দিবসটি থাকায় এবছর দিবসটি পালনের কর্মসূচি পালিত হয় ২২ সেপ্টেম্বর শনিবার।

## ইউজিসি’র সদস্য হিসেবে প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর যোগদান

(শেষ পৃষ্ঠার পর) কুয়েটের সিন্ডিকেট সদস্য, অনুষদের ডীন, বিভাগীয় প্রধান, হল প্রভোস্ট ও অন্যান্য গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন। প্রফেসর আলমগীর বুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে ১৯৮৬ সালে ১ম শ্রেণীতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী ও ১৯৮৯ সালে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী এবং জাপানের সাগা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯৬ সালে পিএইচডি ও ১৯৯৮ সালে পোষ্ট ডক্টরাল ফেলোশিপ সম্পন্ন করেন।

তাঁর ২৪২টি গবেষণা প্রবন্ধ দেশে-বিদেশে বিভিন্ন জার্নাল ও সেমিনার/ কনফারেন্স প্রসিডিংসে প্রকাশিত হয়েছে। তিনি ২০১০ সাল থেকে কুয়েট থেকে নিয়মিতভাবে প্রকাশিত আন্তর্জাতিক জার্নাল ‘Journal of Engineering Science’-এর Editor-in-Chief হিসেবে প্রতিষ্ঠালগ্ন থেকেই দায়িত্ব পালন করছেন। তিনি ২০০৯ সাল থেকে নিয়মিতভাবে প্রতি দুই বছর অন্তর ‘WasteSafe’ নামক আন্তর্জাতিক কনফারেন্স কুয়েটে আয়োজন করে আসছেন। বর্তমানে Global Sanitation Graduate School (GSGS) কুয়েটের প্রোগ্রাম কোঅর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করছেন। প্রফেসর আলমগীরের তত্ত্বাবধায়নে গবেষণা কাজ সম্পন্ন করে ইতোমধ্যে ২৪ জন ছাত্র এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী ও ২ জন ছাত্র পিএইচডি ডিগ্রী অর্জন করেছেন। তিনি শিক্ষা ও গবেষণা সংক্রান্ত কাজে বিশ্বের ২৬টি দেশে বিভিন্ন মেয়াদে অবস্থান করেন। প্রফেসর আলমগীর কুয়েট শিক্ষক সমিতির নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

প্রফেসর আলমগীর ১৯৬৩ সালে চাঁদপুর জেলার অন্তর্গত কচুয়া উপজেলার নাছিরপুর গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং চার সন্তানের জনক।

## কুয়েটে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত



মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রথম প্রহরে কুয়েটের শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) যথাযোগ্য মর্যাদায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৯ পালিত হয়েছে। কর্মসূচীর মধ্যে ২০ ফেব্রুয়ারি বুধবার রাত ০৯ টায় শহীদ মিনার প্রাঙ্গণে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। একুশের প্রথম প্রহর রাত ১২ঃ০১ টায় বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এরপর শিক্ষক সমিতি, পরিচালক (ছাত্র-কল্যাণ), জার্মানি, ইতালি, ভারত ও জিম্বাবুয়ে থেকে আগত বিদেশী অধ্যাপক ও শিক্ষার্থীবৃন্দ, অফিসার্স এসোসিয়েশন, হলসমূহের প্রভোস্ট ও ছাত্র-ছাত্রীগণ (ফজলুল হক হল, লালন শাহ্ হল, খানজাহান আলী হল, ড. এম. এ. রশীদ হল, রোকেয়া হল, অমর একুশে হল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল), পিটিসি খুলনার অতিরিক্ত ডিআইজি, ৩য় আর্মড পুলিশ ব্যাটালিয়ানের কমান্ডিং অফিসার, বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখা, তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতি, চতুর্থ শ্রেণী কর্মচারী সমিতি, মাস্টাররোল কর্মচারী সমিতি, বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ, স্বরে-অ, কুয়েট থিয়েটার, ধ্রুপদী, অচীন পাখি, ইএসই এ্যাসোসিয়েশন, হল কর্মচারী, (১৬ পৃষ্ঠায় দেখুন)

## যথাযোগ্য মর্যাদায় "মহান স্বাধীনতা ও জাতীয় দিবস" উদ্‌যাপিত



'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯' এ ক্যাম্পাসস্থ মুক্তিযুদ্ধের ভাস্কর্য 'দুর্বার বাংলা'র পাদদেশে বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) যথাযোগ্য মর্যাদায় "মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯" উদ্‌যাপিত হয়েছে। ২৬ মার্চ মঙ্গলবার সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন, ভাইস-চ্যান্সেলর এর বাসভবন এবং আবাসিক হলসমূহে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। সকাল ৮ঃ৪৫ টায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ক্যাম্পাসস্থ মুক্তিযুদ্ধের ভাস্কর্য 'দুর্বার বাংলা'র পাদদেশে "গণসংঙ্গীত" পরিবেশন করে। সকাল সাড়ে ৯ টায় বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এরপর শিক্ষক সমিতি, পরিচালক (ছাত্র-কল্যাণ), অফিসার্স এসোসিয়েশন, ফজলুল হক হল, লালন শাহ্ হল, খান জাহান আলী হল, ড. এম. এ. রশীদ হল, রোকেয়া হল, অমর একুশে হল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, কর্মকর্তা সমিতি (আপগ্রেডেশন), কর্মচারী সমিতি (৩য় শ্রেণী), কর্মচারী সমিতি (৪র্থ শ্রেণী), খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়, মাস্টাররোল কর্মচারী সমিতি, বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ এবং হল কর্মচারীবৃন্দের পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। সকাল ১০টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার (২ পৃষ্ঠায় দেখুন)

## কুয়েট ও ওয়েস্টার্ন সিডনী ইউনিভার্সিটির মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত



কুয়েট ও অস্ট্রেলিয়ার ওয়েস্টার্ন সিডনী ইউনিভার্সিটির মধ্যে সমঝোতা স্মারকে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং প্রফেসর ড. বার্নি গ্লোভার।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এবং অস্ট্রেলিয়ার ওয়েস্টার্ন সিডনী ইউনিভার্সিটির মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। সমঝোতা স্মারকের মাধ্যমে উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে গবেষণা প্রকল্পের উন্নয়নে সহযোগিতা; যৌথভাবে কনফারেন্স, সেমিনার, সিম্পোজিয়ামসহ বিভিন্ন শিক্ষা ও বৈজ্ঞানিক কার্যক্রম পরিচালনা; যৌথভাবে পিএইচডি তত্ত্বাবধান; অধ্যয়ন বা রিসার্স প্রোগ্রামে অংশগ্রহণের জন্য পিএইচডি/এইচডিআর শিক্ষার্থী বিনিময়সহ প্রকাশনা ও অন্যান্য তথ্য বিনিময় করা সম্ভব হবে। ০৩ মে ওয়েস্টার্ন সিডনী ইউনিভার্সিটিতে সমঝোতা স্মারকে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং ওয়েস্টার্ন সিডনী ইউনিভার্সিটির মাননীয় ভাইস-চ্যান্সেলর ও প্রেসিডেন্ট প্রফেসর ড. বার্নি গ্লোভার।

## যথাযোগ্য মর্যাদায় জাতীয় শিশু দিবস উদ্‌যাপিত



জাতীয় শিশু দিবস ২০১৯ উদ্‌যাপন উপলক্ষে ক্যাম্পাসস্থ বঙ্গবন্ধু স্কয়ারে বঙ্গবন্ধু'র প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) যথাযোগ্য মর্যাদায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০১৯ উদ্‌যাপিত হয়েছে। দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে ১৭ মার্চ সকাল ৯ টায় ক্যাম্পাসস্থ বঙ্গবন্ধু স্কয়ারে বঙ্গবন্ধু'র প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এরপর শিক্ষক সমিতি, পরিচালক (ছাত্র কল্যাণ), অফিসার্স এসোসিয়েশন, ফজলুল হক হল, লালন শাহ্ হল, খানজাহান আলী হল, ড. এম এ রশীদ হল, রোকেয়া হল, অমর একুশে হল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, বাংলাদেশ ছাত্রলীগ, কর্মকর্তা সমিতি (আপগ্রেডেশন), কর্মচারী সমিতি (৩য় শ্রেণী), কর্মচারী সমিতি (৪র্থ শ্রেণী), খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়, মাস্টাররোল কর্মচারী সমিতি, বঙ্গবন্ধু কর্মচারী পরিষদ এবং হল কর্মচারীবৃন্দের পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। এছাড়া, বাংলাদেশ ছাত্রলীগ, কর্মচারী সমিতি (৩য় শ্রেণী), কর্মচারী সমিতি (৪র্থ শ্রেণী) ও বঙ্গবন্ধু কর্মচারী পরিষদের আয়োজনে আলাদা আলাদাভাবে জন্মদিনের কেক কাটেন (১৬ পৃষ্ঠায় দেখুন)

## উৎসবমুখর পরিবেশে বাংলা বর্ষবরণ



পহেলা বৈশাখ ১৪২৬ 'শুভ নববর্ষ' উদ্‌যাপন উপলক্ষে মঙ্গল শোভাযাত্রার নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) পহেলা বৈশাখ ১৪২৬ "শুভ নববর্ষ" উৎসবমুখর পরিবেশে দিনব্যাপী জাঁকজমকপূর্ণ নানাবিধ কর্মসূচি পালনের মাধ্যমে উদ্‌যাপন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে আয়োজিত কর্মসূচীর মধ্যে সকাল ৮টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে রকমারী আয়োজনে সাজানো বৈশাখী মেলা। বৈশাখী মেলায় বিশ্ববিদ্যালয়ের সকল হলের অংশগ্রহণে খাঁটি দেশীয় খড়মাটির কুঠি বানিয়ে দেশীয় ঐতিহ্যের পান্তা-মরিচ ভাজি, গ্রাম বাংলার ষড়ঋতুর আকর্ষনীয় বিভিন্ন আয়োজন, দেশীয় পিঠা তৈরী ও প্রদর্শনীসহ নানাবিধ বর্ণিল আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন স্টলগুলো ঘুরে দেখেন। এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও বিভিন্ন বিভাগের ছাত্র-ছাত্রীগণ উপস্থিত ছিলেন। খেলার মাঠে সকাল ৯টায় অনুষ্ঠিত হয় বর্ষবরণ সংগীতানুষ্ঠান "গানে গানে বর্ষবরণ"। সকাল ১০টায় অনুষ্ঠিত হয় মঙ্গল শোভাযাত্রা। ঢোল, বাঁশি, একতারা, দো-তারা, বিভিন্ন বাদ্যযন্ত্র, দেশীয় সংস্কৃতির ছবি সম্বলিত বিভিন প্লাকার্ড, ফেস্টুন, মুখোশসহ আরও অনেক আয়োজনে বিশ্ববিদ্যালযের কেন্দ্রীয় খেলার মাঠ থেকে শোভাযাত্রা শুরু হয়ে ফুলবাড়ীগেট, খুলনা-যশোর মহাসড়কসহ ক্যাম্পাস প্রদক্ষিণ করে খেলার মাঠে এসে সমাপ্ত হয়। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল (প্রাথমিক ও মাধ্যমিক) ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ অন্যান্যরা মঙ্গল শোভাযাত্রায় স্বতস্ফুর্তভাবে অংশগ্রহণ করেন। শোভাযাত্রায় নেতৃত্ব দেন কুয়েটের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন । (১৫ পৃষ্ঠায় দেখুন)

## 'প্ল্যানেশন ২.০' অনুষ্ঠিত



ইউআরপি বিভাগের আয়োজনে 'প্ল্যানেশন ২.০' এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন ও অন্যান্য অতিথিদের সঙ্গে অংশগ্রহণকারীদের একাংশ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং (ইউআরপি) বিভাগের আয়োজনে দুই দিনব্যাপী 'প্ল্যানেশন ২.০' অনুষ্ঠিত হয়েছে। ১৪ মার্চ বৃহস্পতিবার বিকাল ৪ টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার ও ইউআরপি বিভাগের সহযোগী অধ্যাপক তুষার কান্তি রায়। দুই দিনব্যাপী 'প্ল্যানেশন ২.০' এ ফটো এক্সিবিশন, পোস্টার প্রেজেন্টেশন কনটেস্ট, কেস স্টাডি কনটেস্ট, জিআইএস কনটেস্ট, গেমিং কনটেস্ট, ক্যাড ড্রাফটিং কনটেস্ট ও সেমিনার অনুষ্ঠিত হয়।

১৫ মার্চ শুক্রবার সন্ধায় সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার এর সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার ও ইউআরপি বিভাগের সহযোগী অধ্যাপক তুষার কান্তি রায়। অনুষ্ঠানে কুয়েটসহ দেশের ২০টি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের প্রায় তিনশত শিক্ষার্থী অংশগ্রহণ করে। অনুষ্ঠানে কুয়েট ও বিভিন্ন সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## '৭১ এর "গণহত্যা দিবস" স্মরণে আলোর মিছিল অনুষ্ঠিত



'৭১ এর 'গণহত্যা দিবস' স্মরণে ২৫ মার্চ সন্ধ্যায় আলোর মিছিলের নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) '৭১ এর "গণহত্যা দিবস" স্মরণে ২৫ মার্চ সন্ধ্যায় আলোর মিছিল ও মুক্তিযুদ্ধ বিষয়ক চলচ্চিত্র প্রদর্শিত হয়েছে। কুয়েটের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর নেতৃত্বে মোমবাতি হাতে আলোর মিছিলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীগণ অংশগ্রহণ করেন। আলোর মিছিলটি স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের সামনে থেকে শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে ক্যাম্পাসস্থ মুক্তিযুদ্ধের ভাস্কর্য 'দুর্বার বাংলা'র পাদদেশে এসে শেষ হয়। আলোর মিছিল শেষে 'দুর্বার বাংলা' প্রাঙ্গণে মুক্তিযুদ্ধ বিষয়ক চলচ্চিত্র 'গেরিলা' প্রদর্শিত হয়।

## 'বিল্ডটেক ফেস্ট ৩.০' অনুষ্ঠিত



'বিল্ডটেক ফেস্ট ৩.০' এর উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন ও অন্যান্য অতিথিদের সঙ্গে

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কন্সট্রাকশন ম্যানেজমেন্ট (বিইসিএম) বিভাগের আয়োজনে দুই দিনব্যাপী "বিল্ডটেক ফেস্ট ৩.০" অনুষ্ঠিত হয়েছে। ২৮ ফেব্রুয়ারি বৃহস্পতিবার বিকাল সাড়ে ৩ টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে ফেস্টটির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ভারপ্রাপ্ত ডীন প্রফেসর ড. খন্দকার মাহবুব হাসান, খুলনা পিডব্লিউডি জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী প্রদীপ কুমার বোস। স্বাগত বক্তৃতা করেন ফেস্টের সেক্রেটারী বিইসিএম বিভাগের সহকারী অধ্যাপক মোঃ হামিদুল ইসলাম এবং সভাপতিত্ব করেন বিইসিএম বিভাগের বিভাগীয় প্রধান মোঃ ইকরামুল হক।

০১ মার্চ শুক্রবার বিকাল ৫টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে ফেস্টটির সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন ফেস্টের সেক্রেটারী বিইসিএম বিভাগের সহকারী অধ্যাপক মোঃ হামিদুল ইসলাম এবং সভাপতিত্ব করেন বিইসিএম বিভাগের বিভাগীয় প্রধান মোঃ ইকরামুল হক।

বিল্ডিং ইঞ্জিনিয়ারিং ও কন্সট্রাকশন ম্যানেজমেন্টের বিভিন্ন বিষয়ের উপর ভিত্তি করে "বিল্ডটেক ফেস্ট ৩.০" এ বিভিন্ন প্রতিযোগিতামূলক ইভেন্ট ও ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিল্ডিং ইঞ্জিনিয়ারিং, কন্সট্রাকশন ম্যানেজমেন্ট, সিভিল ইঞ্জিনিয়ারিং, ইউআরপি এবং আর্কিটেকচার বিভাগের শিক্ষার্থীরা এই ফেস্টে অংশ নেয়। বিল্ডিং ইঞ্জিনিয়ারিং ও কন্সট্রাকশন ম্যানেজমেন্টের ক্ষেত্রে শিক্ষার্থীদের উদ্ভাবনীমূলক চিন্তাধারা ও কাজের বেশি বেশি সুযোগ করে দেয়া এই ফেস্টের প্রধান উদ্দেশ্য। প্রতিযোগিতামূলক ইভেন্টগুলোর মধ্যে ছিলো ক্যাড কনটেস্ট, মেকানিক্স মেনিয়া, ম্যানেজমেন্ট মাস্টারমাইন্ড, কেস স্টাডি, ফটোগ্রাফি কনটেস্ট, পোস্টার প্রেজেন্টেশন।

## অমর একুশে হলে বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠিত




কুয়েটের অমর একুশে হলে 'বার্ষিক প্রীতিভোজ ২০১৮' অনুষ্ঠানে প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেনসহ অন্যান্য অতিথিবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) অমর একুশে হলে "বার্ষিক প্রীতিভোজ ২০১৯" অনুষ্ঠিত হয়েছে। ১২ ফেব্রুয়ারি রাতে হল প্রাঙ্গণে অমর একুশে হলের প্রভোস্ট প্রফেসর ড. মোঃ আব্দুল মতিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং বিশেষ অতিথি ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার।

## লালন শাহ্ হলে বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠিত



কুয়েটে লালন শাহ্ হলে বার্ষিক প্রীতিভোজ, পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) লালন শাহ্ হলে বার্ষিক প্রীতিভোজ, ইনডোর গেমস এর পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। ১৩ ফেব্রুয়ারি রাতে হল প্রাঙ্গণে লালন শাহ্ হলের প্রভোস্ট প্রফেসর ড. মোঃ আব্দুল্লাহ ইলিয়াস আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং বিশেষ অতিথি ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার।

## ড. এম. এ. রশীদ হলের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



কুয়েটের ড. এম.এ রশীদ হলের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিদায়ী প্রকৌশলীদের হলের পক্ষ থেকে স্মারক ক্রেস্ট প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ড. এম. এ. রশীদ হলের ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৮ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ০৬ মার্চ বুধবার বিকালে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। হলের প্রভোস্ট ড. সজল কুমার অধিকারীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার।

## রোকেয়া হলের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



রোকেয়া হলের ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) রোকেয়া হলের ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ০৬ মার্চ বুধবার অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। হলের প্রভোস্ট প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার।

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত




কুয়েটের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৮ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেরর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৮ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ১৪ মার্চ বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫ টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হল প্রভোস্ট প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল।

## অমর একুশে হলের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



অমর একুশে হলের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিদায়ী প্রকৌশলীদের হলের পক্ষ থেকে স্মারক ক্রেস্ট প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) অমর একুশে হলের ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৮ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ১৪ মার্চ বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ৭ টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হল প্রভোস্ট প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন।

## ফজলুল হক হলের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



কুয়েটের ফজলুল হক হলের '১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও '১৮ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠানে বিদায়ী শিক্ষার্থীদের হলের পক্ষ থেকে স্মারক ক্রেস্ট প্রদান করেন প্রধান অতিথি মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ফজলুল হক হলের ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৮ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ১৮ মার্চ সোমবার সন্ধ্যায় হল কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। হলের প্রভোস্ট ড. মোঃ হাবিবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার।

## খানজাহান আলী হলের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



কুয়েটের খানজাহান আলী হলের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠানে বিদায়ী শিক্ষার্থীদের স্মারক ক্রেস্ট প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) খানজাহান আলী হলের ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৮ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ১৯ মার্চ মঙ্গলবার রাতে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। হলের প্রভোস্ট প্রফেসর ড. মোঃ জহির উদ্দিন এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার।

## ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত




কুয়েটে ইসিই বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠানে বিদায়ী শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের স্মারক ক্রেস্ট হস্তান্তর করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগের ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৮ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ০৫ মার্চ মঙ্গলবার বিকালে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়েছে। ইসিই এসোসিয়েশনের সভাপতি প্রফেসর ড. মনির হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসিই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. এ বি এম আওলাদ হোসেন এবং পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার।

## ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের '১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



কুয়েটের ইইই বিভাগের ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বিদায়ী শিক্ষার্থীদের স্মারক ক্রেস্ট প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ০৭ মার্চ বৃহস্পতিবার বিকালে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। ইইই এসোসিয়েশনের সভাপতি প্রফেসর ড. মোহাম্মদ সাইফুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেপিসিএল এর জিএম (প্লান্ট) জনাব মোঃ রেজাউল আহসান, ইইই অনুষদের ভারপ্রাপ্ত ডীন প্রফেসর ড. কে এম আজহারুল হাসান, ইইই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম এবং পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার।

## মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠানে বিদায়ী শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের স্মারক ক্রেস্ট হস্তান্তর করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৮ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ১৩ মার্চ বুধবার বিকালে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়েছে। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. সোবহান মিয়া এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওজোপাডিকো এর এমডি ইঞ্জিঃ মোঃ শফিক উদ্দিন, এমই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ আরিফুল ইসলাম, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, এমই বিভাগের প্রফেসর ড. খন্দকার আফতাব হোসেন।

## বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



কুয়েটের বিএমই বিভাগের '১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও '১৮ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিদায়ী শিক্ষার্থীদের হাতে স্মারক ক্রেস্ট প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং

(বিএমই) বিভাগের ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৮ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ১৩ মার্চ বুধবার বিকালে বিশ্ববিদ্যালয়ের বিএমই বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার ও বিএমই বিভাগের বিভাগীয় প্রধান ড. মুহাম্মাদ মুঈনুল ইসলাম। বিএমই এসোসিয়েশনের আয়োজনে অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন এসোসিয়েশনের সভাপতি দেবাশীষ কুমার সাহা।

## সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৮ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ১৯ মার্চ মঙ্গলবার বিকালে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী এবং পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। সিভিল ইঞ্জিনিয়ারিং এসোসিয়েশনের আয়োজনে অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. এস এম মনিরুজ্জামান।

## টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত


টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের '১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও '১৮ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিদায়ী শিক্ষার্থীদের স্মারক ক্রেস্ট প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (টিই) বিভাগের ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৮ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ২৭ মার্চ বুধবার দুপুর ২.৩০ টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং সভাপতিত্ব করেন বিভাগীয় প্রধান ফারহানা মমতাজ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম ও পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার।

## বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট (বিইসিএম) বিভাগের ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৮ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ২৭ মার্চ বুধবার বিকাল সাড়ে ৫ টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিইসিএম


বিইসিএম বিভাগের '১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও '১৮ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিদায়ী শিক্ষার্থীদের স্মারক ক্রেস্ট প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

বিভাগের বিভাগীয় প্রধান মোঃ ইকরামুল হক এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী ও পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার।

## লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত


লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন বিদায়ী শিক্ষার্থীদের স্মারক ক্রেস্ট হস্তান্তর করেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৮ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ০১ এপ্রিল সোমবার বিকাল ৪ টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান ড. মোঃ আবুল হাসেম এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম এবং পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার।

## আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং বিভাগের শিক্ষার্থীদের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত


ইউআরপি বিভাগের ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৮ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠানের বিদায়ী শিক্ষার্থীদের স্মারক ক্রেস্ট প্রদান করেন প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং (ইউআরপি) বিভাগের ২০১৪ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও ২০১৮ ব্যাচের শিক্ষার্থীদের নবীন বরণ ১৬ এপ্রিল মঙ্গলবার বিকাল ০৪ টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী ও পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার।

## নরওয়ে জাতীয় আবহাওয়া সংস্থা ও বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের বিশেষজ্ঞ প্রতিনিধি দলের কুয়েট পরিদর্শন



নরওয়ে জাতীয় আবহাওয়া সংস্থা ও বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের বিশেষজ্ঞ প্রতিনিধি দল কুয়েট পরিদর্শনকালে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেনের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।

নরওয়ে জাতীয় আবহাওয়া সংস্থা Met Norway ও বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের বিশেষজ্ঞ প্রতিনিধি দল খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) পরিদর্শন করেছেন। প্রাকৃতিক দুর্যোগের উন্নততর পূর্বাভাস প্রদানের স্বার্থে আধুনিক সহায়তাসহ সক্ষমতা বৃদ্ধি ও আন্তঃদেশীয় পারস্পারিক সমঝোতার মাধ্যমে গবেষণার মান বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সাথে নরওয়ে জাতীয় আবহাওয়া সংস্থা Met Norway এর ২০১১ সালে একটি সমঝোতা স্বাক্ষরিত হয়। উক্ত সমঝোতা স্বাক্ষরের প্রেক্ষিতে Met Norway কর্তৃক অধিদপ্তরের "Institutional Support and Capacity Building for Mitigation of Weather and Climate Hazards in Bangladesh" শীর্ষক প্রকল্পের আওতায় বিভিন্ন কর্মশালা ও কর্মকান্ড পরিচালিত হচ্ছে। সেই কার্যক্রমের অংশ হিসেবে বিশেষজ্ঞ দলটি কুয়েট পরিদর্শন করেন। ০৮ ফেব্রুয়ারি শুক্রবার কুয়েটের ডিস্ট্যান্স লার্নিং থিয়েটারে "International Seminar on Present Status of Climate Science and Marine Meteorology" শীর্ষক একটি সেমিনার আয়োজিত হয়। উক্ত সেমিনারে বাংলাদেশ ও নরওয়ে এর বিশেষজ্ঞ গবেষকগণ গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন। ০৯ ফেব্রুয়ারি শনিবার দলটি কুয়েটের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাতকালে কুয়েট ভাইস চ্যান্সেলর দেশ বিদেশ থেকে আগত গবেষক দলকে বিশ্ববিদ্যালয় পরিদর্শনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং পারস্পারিক সহযোগিতার মাধ্যমে ভবিষ্যতে গবেষণা কার্যক্রম যাতে ত্বরান্বিত করা যায় সে বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন। আয়োজনটি সমন্বয় করেন কুয়েটের পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মোঃ আব্দুল্লাহ ইলিয়াস আক্তার।

## কুয়েটের ভাইস-চ্যান্সেলর এর সাথে খানজাহান আলী থানা প্রেসক্লাব নেতৃবৃন্দের সৌজন্য সাক্ষাৎ



বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন খানজাহান আলী থানা প্রেসক্লাব এর নেতৃবন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন খানজাহান আলী থানা প্রেসক্লাব এর নেতৃবৃন্দ। ১৭ ফেব্রুয়ারি রবিবার দুপুর সাড়ে ১২ টায় ভাইস-চ্যান্সেলরের কার্যালয়ে এ সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকালে ভাইস-চ্যান্সেলর সাংবাদিক নেতৃবৃন্দকে এ বিশ্ববিদ্যালয় পরিদর্শনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ বিশ্ববিদ্যালয়ের সুনাম ও ঐতিহ্য অব্যাহত রাখতে তাদের সহযোগিতা প্রত্যাশা করেন। সাংবাদিক নেতৃবৃন্দ এ বিশ্ববিদ্যালয়কে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে সকল প্রকার সহযোগিতা করবেন বলে আশ্বস্ত করেন। এসময় খানজাহান আলী থানা প্রেসক্লাবের সভাপতি আলহাজ্ব শেখ আনছার আলী, সিনিয়র সহ-সভাপতি মোঃ মোশাররফ হোসেন, সাধারণ সম্পাদক শেখ আসলাম হোসেন, যুগ্ম-সম্পাদক মনিরুল ইসলাম মোড়ল এবং কুয়েটের পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার উপস্থিত ছিলেন।

## কুয়েটের ভাইস-চ্যান্সেলর এর সাথে জাপানী অধ্যাপকের সৌজন্য সাক্ষাৎ



মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন জাপানের হিরোসিমা ইনস্টিটিউট অব টেকনোলজি এর সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ফুকুহারা তারুইউকি।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন জাপানের হিরোসিমা ইনস্টিটিউট অব টেকনোলজী এর সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ফুকুহারা তারুইউকি। ১৭ জুন সকাল ১১ টায় কুয়েট ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে এ সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এসময় কুয়েটের রসায়ন বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আবু ইউসুফ ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. এস এম মনিরুজ্জামান উপস্থিত ছিলেন। এসময় উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষা ও গবেষণা বিষয়ক যৌথ কার্যক্রম পরিচালনার বিষয়ে আলোচনা হয়।

## কুয়েট পরিদর্শনে হংকং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর



বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সাথে সাক্ষাৎ করেন হংকং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. গ্যাংহাও চ্যান।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) পরিদর্শন করেছেন হংকং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. গ্যাংহাও চ্যান। ০৩ মার্চ রবিবার কুয়েট পরিদর্শনকালে তিনি বিকাল সাড়ে ৩ টায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর এর কার্যালয়ে মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সাথে এক সভায় মিলিত হন। সভায় বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস-চ্যান্সেলর ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন ও আইডিএম এর পরিচালক প্রফেসর ড. কাজী হামিদুল বারী, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার ও বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জি এম শহিদুল আলম উপস্থিত ছিলেন। এর আগে সকাল ১০ টায় ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট (আইডিএম) পরিদর্শন করেন হংকং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. গ্যাং-হাও চ্যান। এসময় বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস-চ্যান্সেলর ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. কাজী এ বি এম মহিউদ্দিন, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. খন্দকার মাহবুব হাসানসহ আইডিএম এর অন্যান্য শিক্ষকগণ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, হংকং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. গ্যাংহাও চ্যান কুয়েটে আইডিএম-এ এমএসসি ইন স্যানিটেশন কোর্স চালুর সম্ভাব্যতার বিভিন্ন বিষয় পর্যালোচনা করেন।

## “এক্সপ্লোরিং লেদার সেক্টর ফিউচার স্কোপস, এমপ্লয়মেন্ট অপরচুনিটিস এন্ড সর্টকামিংস” শীর্ষক সেমিনার




কুয়েটে ‘এক্সপ্লোরিং লেদার সেক্টর ফিউচার স্কোপস, এমপ্লয়মেন্ট অপরচুনিটিস এন্ড সর্টকামিংস’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেনসহ অন্যান্য অতিথিবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের আয়োজনে দিনব্যাপী “এক্সপ্লোরিং লেদার সেক্টর ফিউচার স্কোপস, এমপ্লয়মেন্ট অপরচুনিটিস এন্ড সর্টকামিংস” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ০৯ মার্চ সকাল ৯ টায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের সেমিনার রুমে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম এবং পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন লেদার ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান ড. মোঃ আবুল হাসেম এবং শুভেচ্ছা বক্তব্য রাখেন বিভাগের সহকারী অধ্যাপক মোঃ আরিফুল ইসলাম জুয়েল। উদ্বোধনী অনুষ্ঠান শেষে ‘লেদার ইঞ্জিনিয়ার্স রেসপনসিবিলিটিস ফর দি ইকোনোমিক গ্রোথ অব বাংলাদেশ’ শীর্ষক পেপার উপস্থাপন করেন এলইটিএস’বি এর ভাইস-প্রেসিডেন্ট মোঃ আফজাল হোসেন। অনুষ্ঠানের বিভিন্ন টেকনিক্যাল সেশনে বক্তৃতা করেন লোটো বাংলাদেশ’র ম্যানেজিং ডাইরেক্টর কাজী জামিল ইসলাম, মার্সনস ট্যানারি লিঃ এর ম্যানেজিং ডাইরেক্টর তারিকুল ইসলাম খান, গোল্ডেন ফ্রোগ লেদার প্রোডাক্টস লিঃ এর প্রোপাইটার মোস্তাক সাম বিল্লাহ, তাকামাতসু সু কোম্পানী লিঃ এর ম্যানেজিং ডিরেক্টর এস. এ. এম. ইউসুফ এবং ভেনচুরা লেদার ওয়ার ম্যানু (বিডি) লিঃ এর অ্যাসিসটেন্ট ম্যানেজার সৈয়দ আতিকুল ইসলাম।

## শিক্ষার্থীদের মধ্যে কুয়েটিয়ানস কাতার স্কলারশিপ প্রোগ্রামের বৃত্তির চেক হস্তান্তর



মেধাবী শিক্ষার্থীদের মাঝে কুয়েটিয়ানস কাতার স্কলারশিপ প্রোগ্রামের বৃত্তি প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) মেধাবী শিক্ষার্থীদের মাঝে কুয়েটিয়ানস কাতার স্কলারশিপ প্রোগ্রামের বৃত্তি প্রদান করা হয়েছে। ১৪ ফেব্রুয়ারি বৃহস্পতিবার বিকাল ৪ টায় বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন ১০ জন শিক্ষার্থীদের মধ্যে বৃত্তি হিসাবে জনপ্রতি ১২ হাজার টাকার চেক হস্তান্তর করেন। এসময় উপস্থিত ছিলেন কুয়েটিয়ানস কাতার স্কলারশিপ প্রোগ্রাম কমিটির সভাপতি ও পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) প্রফেসর ড. মোঃ সাইফুল ইসলাম, পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ শাহজাহান আলী, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. আবু জাকির মোর্শেদ, কুয়েটিয়ানস কাতার স্কলারশিপ প্রোগ্রাম কমিটির সদস্য সচিব ও বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) শেখ আক্কাছ আলী।

## “ইন্ডাস্ট্রিয়াল অটোমেশন ফর এনার্জি ইঞ্জিনিয়ারিং” শীর্ষক ওয়ার্কশপ




কুয়েটের ইএসই বিভাগের আয়োজনে ‘‘ইন্ডাস্ট্রিয়াল অটোমেশন ফর এনার্জি ইঞ্জিনিয়ারিং’’ শীর্ষক ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) “ইন্ডাস্ট্রিয়াল অটোমেশন ফর এনার্জি ইঞ্জিনিয়ারিং” শীর্ষক ওয়ার্কশপ এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (ইএসই) বিভাগের আয়োজনে কুয়েট এনার্জি এন্ড অটোমেশন ক্লাবের সহযোগিতায় ১৬ এপ্রিল মঙ্গলবার বেলা ৩টায় টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। ওয়ার্কশপে ইএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলামের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা ওয়াসা’র ম্যানেজিং ডিরেক্টর প্রকৌশলী মোঃ আব্দুল্লাহ পিইঞ্জ এবং স্বাগত বক্তৃতা করেন ইএসই বিভাগের সহকারী অধ্যাপক নিবিড় মন্ডল। টেকনিক্যাল সেশনে প্রেজেন্টেশন প্রদান করেন কুয়েটের ইএসই বিভাগের সহকারী অধ্যাপক মোঃ শামীম হোসেন এবং রিভিরি পাওয়ার এন্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং লিমিটেডের ডাইরেক্টর প্রকৌশলী আব্দুর রহমান।

## “ইঞ্জিনিয়ার্স পাথ টু অল্ট্রাপ্রেনারশিপ ইউটিলাইজিং আইটি ইনকিউবেটর” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত




কুয়েটের সিএসই বিভাগের আয়োজনে “ইঞ্জিনিয়ার্স পাথ টু অল্ট্রাপ্রেনারশিপ ইউটিলাইজিং আইটি ইনকিউবেটর’ শীর্ষক সেমিনারের প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেনকে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের আয়োজনে “ইঞ্জিনিয়ার্স পাথ টু অল্ট্রাপ্রেনারশিপ ইউটিলাইজিং আইটি ইনকিউবেটর” শীর্ষক দিনব্যাপী সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক অথরিটির সহযোগিতায় ৩০ মার্চ শনিবার সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবনস্থ ডিস্ট্যান্স লার্নিং থিয়েটারে সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। সিএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মদ আমিনুল হক আকন্দের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ এবং আইসিটি ডিভিশনের হাই-টেক পার্ক প্রজেক্টের প্রজেক্ট ডাইরেক্টর জনাব এ. এন. এম. শফিকুল ইসলাম। সেমিনারের বিভিন্ন কারিগরী সেশন পরিচালনা করেন জিআরএএম লিমিটেডের চেয়ারম্যান এ এস এম আব্দুল মতিন, আইসিটি ডিভিশনের এটুআই প্রোগ্রামের প্রজেক্ট ডাইরেক্টর জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, ইউএসএর’র ইউবিট্রিক্স ইন্স. এর সিইও প্রকৌশলী মোঃ মিফতা উদ্দীন, ইউকে’র ইউনিভার্সিটি অব অলসটার এর ড. এন. সিদ্দিকী এবং কুয়েটের সিএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মদ আমিনুল হক আকন্দ।

## আন্তঃহল ক্রিকেট টুর্ণামেন্টে অমর একুশে হল চ্যাম্পিয়ন



আন্তঃহল ক্রিকেট টুর্নামেন্ট ২০১৮-১৯ এর বিজয়ী দল অমর একুশে হলকে চ্যাম্পিয়ন ট্রফি প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) আন্তঃহল ক্রিকেট টুর্ণামেন্ট ২০১৮-১৯ এ অমর একুশে হল চ্যাম্পিয়ন হয়েছে। ২৯ মার্চ শুক্রবার দুপুর ২:৩০ টায় অনুষ্ঠিত টুর্ণামেন্টের ফাইনালে অমর একুশে হল ২ উইকেটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলকে পরাজিত করে। প্রথমে ব্যাট করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল সব কয়টি উইকেট হারিয়ে নির্ধারিত ২০ ওভারে ১০৭ রান সংগ্রহ করে। জবাবে অমর একুশে হল ৮ উইকেটে ১৮ ওভার ৫ বলে ১০৮ রান সংগ্রহ করে। বিজয়ী দলের তনয় ম্যান অব দ্যা ফাইনাল নির্বাচিত হয়। এছাড়া ফজলুল হক হলের পার্থ অধিকারী ও শিহাব যথাক্রমে ম্যান অব দ্যা টুর্ণামেন্ট ও বেস্ট ইমার্জিং প্লেয়ার নির্বাচিত হয়। খেলা শেষে পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদারের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় এক সংক্ষিপ্ত বক্তৃতায় তিনি টুর্নামেন্ট সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, কুয়েটের শিক্ষার্থীরা শিক্ষা এবং খেলাধুলার মত সহ-শিক্ষা কার্যক্রম উভয় দিকে সমান তালে এগিয়ে চলেছে। শিক্ষার্থীদের লেখাপড়ার পাশাপাশি খেলাধুলায় অংশগ্রহণ তাদের মেধাকে শানিত করবে। অনুষ্ঠানে অন্যদের মধ্যে আরো বক্তৃতা করেন অমর একুশে হলের প্রভোস্ট প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, অমর একুশে হলের ম্যানেজার হৃদয় চন্দ্র পাল ও দলনেতা ফজলুল বারী এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ম্যানেজার দূর্জয় ও দলনেতা শামসুজ্জামান সামু। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন। এর আগে ২২ ফেব্রুয়ারি আন্তঃহল ক্রিকেট টুর্ণামেন্টের উদ্বোধন ও প্রথম খেলা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের ছয়টি ছাত্র হল প্রত্যেকে প্রত্যেকের মুখোমুখি হয়। পয়েন্টের ভিত্তিতে সর্বোচ্চ পয়েন্টধারী দুটি দল ফাইনালে খেলার যোগ্যতা লাভ করে।

## জাতীয় গ্রন্থাগার দিবস পালিত



জাতীয় গ্রন্থাগার দিবস ২০১৯ উপলক্ষে র‌্যালি অনুষ্ঠিত হয়।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) 'গ্রন্থাগারে বই পড়ি, আলোকিত মানুষ গড়ি' প্রতিপাদ্যে "জাতীয় গ্রন্থাগার দিবস ২০১৯" পালিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষ্যে ০৫ ফেব্রুয়ারি সকাল ১১ টায় প্রশাসনিক ভবনের সামনে থেকে র‌্যালী শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষীণ শেষে লাইব্রেরীর সামনে এসে শেষ হয়। র‌্যালী শেষে সংক্ষিপ্ত আলোচনা সভায় বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম, সাবেক ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, রেজিস্ট্রার জি এম শহিদুল আলম। এসময় বক্তারা বলেন, "বইয়ের বিকল্প কেবলমাত্র বই। মানুষের সুপ্ত প্রতিভা এবং মননশীলতার বিকাশে বইয়ের কোন বিকল্প নেই"। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরীয়ান মোঃ আক্কাছ উদ্দিন পাঠান। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## কুয়েটে আন্তঃবিশ্ববিদ্যালয় দাবা প্রতিযোগিতা অনুষ্ঠিত



আন্তঃবিশ্ববিদ্যালয় দাবা প্রতিযোগিতা ২০১৯ এর চ্যাম্পিয়ন ঢাকা বিশ্ববিদ্যালয় দলকে ট্রফি প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) আয়োজনে এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় ফেডারেশন ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় ক্রীড়া সংস্থার সহযোগিতায় আন্তঃবিশ্ববিদ্যালয় দাবা প্রতিযোগিতা ২০১৯ এ ঢাকা বিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়ন হয়েছে। অপরদিকে জগন্নাথ বিশ্ববিদ্যালয় রানার-আপ এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় তৃতীয় স্থান লাভ করেছে। ৩০ মার্চ শনিবার রাতে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় তিনি বলেন, "শিক্ষার্থীদের খেলোয়াড়সুলভ মনোভাব নিয়ে খেলায় অংশগ্রহণ করতে হবে এবং জয়-পরাজয় মেনে নেবার মানসিকতা থাকতে হবে। এদিকটি বিবেচনা করলে প্রতিযোগিতাটি স্বার্থকতা পেয়েছে"। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার এবং অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন উপ-পরিচালক (ছাত্র কল্যাণ) ড. ইসমাঈল সাইফুল্যাহ, বিচারকমন্ডলীর সদস্য বাংলাদেশ দাবা ফেডারেশনের যুগ্ম সম্পাদক মাসুদুর রহমান মল্লিক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শারিরীক শিক্ষা কেন্দ্রের উপ-পরিচালক মোঃ জালাল উদ্দিন, কুয়েটের সহকারী পরিচালক (ফিজিক্যাল) মোঃ হেলাল ফকিরসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ম্যানেজার ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের খেলোয়াড় সৈয়দ আতাই রাব্বি এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার। সুইচ লীগ পদ্ধতিতে এ টুর্নামেন্টে ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রতিটি দলের ৫ জন করে মোট ৪৫ জন প্রতিযোগী অংশগ্রহণ করেছেন। উল্লেখ্য, গত ২৮ মার্চ সন্ধ্যায় ব্যবস্থাপনা সভা অনুষ্ঠিত হয় এবং ২৯ মার্চ সকালে টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

## আন্তর্জাতিক নারী দিবস পালিত




রোকেয়া হল আয়োজিত আন্তর্জাতিক নারী দিবস ২০১৯ এর অনুষ্ঠানে কৃতি ছাত্রীদের পুরস্কৃত করেন প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) রোকেয়া হলের আয়োজনে আন্তর্জাতিক নারী দিবস ২০১৯ পালিত হয়েছে। ০৮ মার্চ শুক্রবার রাতে বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হল কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় তিনি বলেন, নারীরা এখন আর পিছিয়ে নেই, সর্বক্ষেত্রেই তাদের বিচরণ পুরুষদের সমানতালে এগিয়ে চলেছে। দেশের সার্বিক উন্নয়নের জন্য নারীদেরকে সুশিক্ষায় শিক্ষিত হতে হবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রোকেয়া হলের প্রভোস্ট প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ। বিশেষ অতিথির বক্তৃতা করেন পরিচালক (ছাত্র কল্যাণ) (১৩ পৃষ্ঠায় দেখুন)

কুয়েট শিক্ষক সমিতির বার্ষিক নির্বাচন-২০১৯

## প্রফেসর ড. মোহাম্মদ আরিফ হোসেন সভাপতি ও প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল সাধারণ সম্পাদক নির্বাচিত



প্রফেসর ড. মোহাম্মদ আরিফ হোসেন



প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষক সমিতির বার্ষিক কার্যনির্বাহী পরিষদ নির্বাচনে সভাপতি পদে প্রফেসর ড. মোহাম্মদ আরিফ হোসেন এবং সাধারণ সম্পাদক পদে প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল নির্বাচিত হয়েছেন। ৩০ জানুয়ারি সকাল ০৮টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের গেস্ট হাউজ কাম ক্লাব ভবনস্থ শিক্ষক সমিতির কার্যালয়ে বার্ষিক কার্যনির্বাহী পরিষদ নির্বাচন-২০১৯ এবং দুপুরে বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে সংগঠনের বার্ষিক সাধারণ সভা (এজিএম) অনুষ্ঠিত হয়। নির্বাচনে সহ-সভাপতি পদে প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, সহ-সাধারণ সম্পাদক পদে ড. মোঃ আব্দুল হাসিব, কোষাধ্যক্ষ পদে মোঃ মাহবুবুর রহমান, ক্রীড়া সম্পাদক পদে ড. মোঃ আশরাফুল আলম, সাংস্কৃতিক সম্পাদক পদে আবু-হেনা মোস্তফা কামাল, প্রচার ও সমাজকল্যাণ সম্পাদক পদে প্রতীক চন্দ্র বিশ্বাস এবং সদস্য পদে প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন, প্রফেসর ড. এম এম তওহিদ হোসেন, প্রফেসর ড. কাজী এবিএম মহিউদ্দিন, প্রফেসর ড. শেখ মোহাম্মদ মাসুদুল আহসান, ড. মোঃ ইলিয়াস উদ্দিন নির্বাচিত হন। নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন বিশ্ববিদ্যালয়ের ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ ও সহকারী নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন আইইএম বিভাগের সহকারী অধ্যাপক ড. কাজী আরিফ-উজ-জামান।

১৩ ফেব্রুয়ারি নবগঠিত কমিটি ক্যাম্পাসের শহীদ মিনার, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি এবং দুর্বার বাংলা ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণের মধ্যে দিয়ে তাদের শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন এবং শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে এক মিনিট করে নিরবতা পালন করেন। এছাড়াও নবনির্বাচিত কমিটি কুয়েটের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।

## ইউজিসি সদস্য প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরকে কুয়েট শিক্ষক সমিতির সংবর্ধনা প্রদান



সিই বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ইউজিসি'র মাননীয় সদস্য হিসেবে যোগদান করায় শিক্ষক সমিতির পক্ষ থেকে সংবর্ধনা প্রদান অনুষ্ঠানে সম্মাননা স্মারক হস্তান্তর করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) সাবেক ভাইস-চ্যান্সেলর ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) মাননীয় সদস্য হিসেবে যোগদান করায় কুয়েট শিক্ষক সমিতির পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। ২৩ জুন রবিবার সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভাকক্ষে এ সংবর্ধনা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মোহাম্মদ আরিফ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন শিক্ষক সমিতির সহ-সভাপতি প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, সাধারণ সম্পাদক প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, প্রমুখ।

## বঙ্গবন্ধুর সমাধিতে কুয়েট শিক্ষক সমিতির নবনির্বাচিত কমিটির শ্রদ্ধা নিবেদন



শিক্ষক সমিতির নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটি গোপালগঞ্জ টুঙ্গিপাড়ায় জাতির জনকের সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেছেন। এসময় বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন উপস্থিত ছিলেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষক সমিতির নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটি গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেছেন। ১৬ ফেব্রুয়ারি শনিবার বিকালে শ্রদ্ধা নিবেদনকালীণ সময়ে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন, সমিতির সহ-সভাপতি প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, সাধারণ সম্পাদক প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, সহ-সাধারণ সম্পাদক ড. মোঃ আব্দুল হাসিব, ক্রীড়া সম্পাদক ড. মোঃ আশরাফুল আলম, সাংস্কৃতিক সম্পাদক আবু-হেনা মোস্তফা কামাল, সদস্যবৃন্দের মধ্যে প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন, প্রফেসর ড. এম এম তওহিদ হোসেন, প্রফেসর ড. শেখ মোহাম্মদ মাসুদুল আহসান, ড. মোঃ ইলিয়াস উদ্দিন এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। এসময় বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলরসহ শিক্ষকবৃন্দ বঙ্গবন্ধুর সমাধিতে এক মিনিট নিরবতা পালন ও তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া পরিচালনার মাধ্যমে বাঙালী জাতির এ শ্রেষ্ঠ সন্তানের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

## "কুয়েটকে এগিয়ে নিতে কর্মকর্তাদের দক্ষতা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে"

-ইউজিসি সদস্য প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর



কুয়েটের সাবেক ভাইস চ্যান্সেলর ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ইউজিসি'র সদস্য মনোনীত হওয়ায় অফিসার্স এসোসিয়েশনের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) সাবেক ভাইস-চ্যান্সেলর ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) মাননীয় সদস্য হিসেবে যোগদান করায় অফিসার্স এসোসিয়েশনের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। ২৪ জুন সোমবার বেলা ৩টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভাকক্ষে সংবর্ধনা অনুষ্ঠানে প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর বলেন, "একটি প্রতিষ্ঠানের সকলেই গুরুত্বপূর্ণ, সকলের সহযোগিতা এবং তাদের উপর আস্থাই প্রতিষ্ঠানকে সামনের দিকে এগিয়ে নেয়"। তিনি আরো বলেন, "নিজের দক্ষতার সর্ব্বোচ্চ ব্যবহার করতে হবে। কুয়েটকে এগিয়ে নিতে কর্মকর্তাদের দক্ষতা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে"। অফিসার্স এসোসিয়েশনের সভাপতি প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞার সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন এসোসিয়েশনের উপদেষ্টা প্রকৌশলী হুসাইন মুহাম্মদ এরশাদ, লাইব্রেরীয়ান মোঃ আক্কাছ উদ্দিন পাঠান, প্রধান চিকিৎসা কর্মকর্তা ডাঃ রিফাত সুলতানা শেলী, প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ, পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ তৈয়েবুর রহমান, রেজিস্ট্রার জি এম শহিদুল আলম এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন এসোসিয়েশনের সাধারণ সম্পাদক প্রকৌশলী মোঃ আসলাম পারভেজ।

## কুয়েট ক্যাম্পাসস্থ বিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রীদের মাঝে বিনামূল্যে পাঠ্য বই বিতরণ



ক্যাম্পাসস্থ বিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রীদের মাঝে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিনামূল্যে পাঠ্যবই বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) ক্যাম্পাসস্থ বিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রীদের মাঝে বিনামূল্যে পাঠ্য বই বিতরণ ও সারাদেশের ন্যায় পাঠ্যপুস্তক উৎসব অনুষ্ঠিত হয়েছে। ০১ জানুয়ারি মঙ্গলবার সকাল ১০ টায় কুয়েটের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল (প্রাথমিক ও মাধ্যমিক শাখা) ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১ম থেকে ৯ম শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীদের হাতে পাঠ্যবই তুলে দেন। এ সময় এক সংক্ষিপ্ত বক্তৃতায় প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন নতুন বছরের প্রথম দিনেই ছাত্র-ছাত্রীদের হাতে বিনামূল্যে পাঠ্য বই তুলে দিতে পারায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. জলী সুলতানা, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. এস. এম. মনিরুজ্জামান, রেজিস্ট্রার জি এম শহিদুল আলম, প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ। অনুষ্ঠানে খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের প্রধান শিক্ষক আয়েশা সিদ্দিকা, উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আকবর হোসেন সরদার, খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের (প্রাথমিক শাখা) ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সাঈদা পারভীন, স্কুলসমূহের শিক্ষকমন্ডলী, অভিভাবকবৃন্দ, ছাত্র-ছাত্রীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

## খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের এসএসসি পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের এসএসসি পরীক্ষার্থী শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের এসএসসি পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও দোয়া মাহফিল ২৭ জানুয়ারি রবিবার সকাল ১১টায় বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় তিনি বলেন, "বিদ্যালয় থেকেই একজন শিক্ষার্থীর ভবিষ্যৎ ভীত তৈরী হয়। ভালো রেজাল্ট করে পরবর্তীতে উচ্চ শিক্ষার জন্য ভালো প্রতিষ্ঠানে ভর্তি হলে এ প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধি পাবে"। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. এস. এম. মনিরুজ্জামান ও প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ। খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের প্রধান শিক্ষক আয়েশা সিদ্দিকার সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন স্কুলের সহকারী প্রধান শিক্ষক মোঃ জাহিদুর ইসলাম ও সহকারী শিক্ষক তালেবুর রহমান রাকিব।

## খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত



ক্যাম্পাসস্থ বিদ্যালয়সমূহের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে পুরস্কার বিতরণ করেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) ক্যাম্পাসস্থ খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল ও উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২ দিনব্যাপী বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার সমাপনি ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান ০৯ ফেব্রুয়ারি শনিবার দুপুরে বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চলের উপ-পরিচালক নিভা রানী পাঠক। প্রধান অতিথির বক্তৃতায় কুয়েট ভাইস-চ্যান্সেলর বলেন, "সাংস্কৃতিক কর্মকান্ড ও খেলাধুলা শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভা বিকাশে সহযোগিতা করে। এই প্রতিভা কেবলমাত্র বিদ্যালয় প্রাঙ্গণে সীমাবদ্ধ রাখলে চলবে না, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায় থেকেও পুরস্কার ছিনিয়ে আনতে হবে। লেখাপড়া শুধুমাত্র সার্টিফিকেট অর্জনের জন্য নয়, একজন ভালো মানুষ হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করতে হবে, সততার সাথে কাজ করতে হবে"। বিদ্যালয়ের প্রধান শিক্ষক আয়েশা সিদ্দিকার সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. এস এম মনিরুজ্জামান ও প্রফেসর ড. মোঃ রাফিজুল ইসলাম, উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আকবর হোসেন সরদার, বিদ্যালয়ের প্রাথমিক শাখার ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সাঈদা পারভীন প্রমুখ । অনুষ্ঠানে খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল এর মাধ্যমিক ও প্রাথমিক শাখা এবং উন্মেষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, শিক্ষার্থী ও তাদের অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ০৮ ফেব্রুয়ারি শুক্রবার সকালে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

## সেন্ট্রাল লাইব্রেরীতে অবসরপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের বিদায় সংবর্ধনা



সেন্ট্রাল লাইব্রেরিতে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) সেন্ট্রাল লাইব্রেরী থেকে অবসরপ্রাপ্ত সেকশন অফিসার (গ্রেড-২) মোমেনা খাতুন, মেসেঞ্জার পিয়ন মোঃ আফসার আলী ও সিনিয়র বুক সর্টার সরদার আব্দুস সাত্তার এর বিদায় সংবর্ধনা ১২ মার্চ মঙ্গলবার দুপুর সাড়ে ১২ টায় সেন্ট্রাল লাইব্রেরীতে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। লাইব্রেরীয়ান মোঃ আক্কাস উদ্দিন পাঠান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, সাবেক ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, কর্মচারীদের মধ্যে সুরুজ্জামান হানিফ। এসময় লাইব্রেরী কমিটির সদস্যবৃন্দ, বিভিন্ন বিভাগের শিক্ষক, লাইব্রেরীসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## "অন-সাইট ওয়ার্কশপ অন বিএইটিই এক্রিডিটেশন এন্ড আউটকাম বেসড এডুকেশন" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত



আইকিউএসি'র আয়োজনে ওয়ার্কশপে অতিথিবৃন্দদের সাথে অংশগ্রহণকারীবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইন্‌স্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিওরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে দিনব্যাপী "অন-সাইট ওয়ার্কশপ অন বিএইটিই এক্রিডিটেশন এন্ড আউটকাম বেসড এডুকেশন" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। ৩১ জানুয়ারি বৃহস্পতিবার সকাল ০৯ টায় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবনস্থ ডিস্ট্যান্স লার্নিং থিয়েটারে অনুষ্ঠিত ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন ও অ্যাকটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী হামিদুল বারী। ওয়ার্কশপে রিসোর্স পার্সন হিসাবে উপস্থিত থেকে টেকনিক্যাল সেশনে বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগের প্রফেসর ড. আনিসুল হক এবং স্বাগত বক্তৃতা করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান। ওয়ার্কশপে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীনবৃন্দ, ইনস্টিটিউট পরিচালকবৃন্দ, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, পরিচালকগণ এবং ইইই অনুষদভূক্ত বিভাগসমূহের অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও সহকারী অধ্যাপকবৃন্দ অংশগ্রহন করেন।

## "অবকাঠামো নির্মাণ কাজ তদারকি প্রশিক্ষণ কর্মশালা" অনুষ্ঠিত



আইকিউএসি'র আয়োজনে 'অবকাঠামো নির্মাণ কাজ তদারকি প্রশিক্ষণ কর্মশালা' এর প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন ও অন্যান্য অতিথিদের সঙ্গে অংশগ্রহণকারীবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে দিনব্যাপী "অবকাঠামো নির্মাণ কাজ তদারকি প্রশিক্ষণ কর্মশালা" অনুষ্ঠিত হয়েছে। ২৮ মার্চ বৃহস্পতিবার সকাল ০৯:৩০ টায় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবনস্থ ডিস্ট্যান্স লার্নিং থিয়েটারে অনুষ্ঠিত ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। কর্মশালায় বিশেষজ্ঞ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর খুলনার রিজিওন্যাল মিউনিসিপাল সাপোর্ট ইউনিট এর ডেপুটি ডাইরেক্টর ইঞ্জিঃ মোঃ সাইফুদ্দিন, স্বাগত বক্তৃতা করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান এবং অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশীদ। কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলীর দপ্তরে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন।

## "অন-সাইট ওয়ার্কশপ অন বিএইটিই এক্রিডিটেশন এন্ড আউটকাম বেসড এডুকেশন" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত



আইসিউএসি এর আয়োজনে দিনব্যাপী 'অন-সাইট ওয়ার্কশপ অন বিএইটিই এক্রিডিটেশন এন্ড আউটকাম বেসড এডুকেশন' শীর্ষক কর্মশালায় অতিথিবৃন্দ ও অংশগ্রহণকারীগণের সাথে প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে দিনব্যাপী "অন-সাইট ওয়ার্কশপ অন বিএইটিই এক্রিডিটেশন এন্ড আউটকাম বেসড এডুকেশন" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২৭ এপ্রিল শনিবার সকাল ০৯ টায় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবনস্থ ডিস্ট্যান্স লার্নিং থিয়েটারে অনুষ্ঠিত ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। কর্মশালায় বিশেষজ্ঞ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিএইটিই এর রিসোর্স পার্সন এবং মিলিটারী ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজী (এমআইএসটি) এর ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) এর প্রফেসর ড. এ কে এম নুরুল আমিন। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান। কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির বিভিন্ন বিভাগের শিক্ষকগণ অংশগ্রহণ করেন।

## "অন-সাইট ওয়ার্কশপ অন বিএইটিই এক্রিডিটেশন এন্ড আউটকাম বেসড এডুকেশন" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত



আইকিউএসি'র আয়োজনে 'অন-সাইট ওয়ার্কশপ অন বিএইটিই এক্রিডিটেশন এন্ড আউটকাম বেসড এডুকেশন' এর অতিথি ও অংশগ্রহণকারীবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে দিনব্যাপী "অন-সাইট ওয়ার্কশপ অন বিএইটিই এক্রিডিটেশন এন্ড আউটকাম বেসড এডুকেশন" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২০ জুন বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টায় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবনস্থ ডিস্ট্যান্স লার্নিং থিয়েটারে অনুষ্ঠিত ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের অ্যাকটিং ভাইস-চ্যান্সেলর সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী। কর্মশালায় বিশেষজ্ঞ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিএইটিই রিসোর্স পার্সন প্রফেসর ড. সারওয়ার জাহান মোঃ ইয়াসিন। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান। কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের বিভিন্ন বিভাগ এবং ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্টের শিক্ষকগণ অংশগ্রহণ করেন।

## আন্তর্জাতিক নারী দিবস পালিত

(১০ পৃষ্ঠার পর) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, বাংলাদেশ রেলওয়ের পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্পের প্রধান প্রকৌশলী (ভায়াডাক্ট ব্রীজ) নাজনীন আরা কেয়া, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চলের উপ-পরিচালক নিভা রাণী পাঠক, এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের সরকার ও রাজনীতি বিভাগের সাবেক শিক্ষক ড. সরাইয়া ইয়াসমিন হীরা। এছাড়া, অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ড. নাছরিন আক্তার ও রোকেয়া হলের সহকারী প্রভোস্ট মেহনুমা তাবাসসুম ওমর।

## “আইনের মধ্যে থেকে অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে”
- কুয়েট ভাইস-চ্যান্সেলর



আইকিউএসি'র আয়োজনে ‘প্রকিউরমেন্ট ম্যানেজমেন্ট ইন পাবলিক সেক্টর’ শীর্ষক কর্মশালার প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন ও অন্যান্য অতিথিসহ অংশগ্রহণকারীবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে দিনব্যাপী “প্রকিউরমেন্ট ম্যানেজমেন্ট ইন পাবলিক সেক্টর” শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২২ জুন শনিবার সকাল ০৯ টায় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবনস্থ ডিস্ট্যান্স লার্নিং থিয়েটারে অনুষ্ঠিত ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় তিনি বলেন, “আইনের মধ্যে থেকে অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে, তাহলে বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন করা সম্ভব হবে। কেনাকাটার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের স্বার্থকে বড় করে দেখতে হবে এবং কোয়ালিটির সাথে কখনও আপস করা যাবে না”। কর্মশালায় বিশেষজ্ঞ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের যুগ্ম প্রধান খন্দকার আহসান হোসেন। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান। কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীনবৃন্দ, ইনস্টিটিউট পরিচালকবৃন্দ, বিভাগীয় প্রধানগণ, পরিচালকগণ, দপ্তর প্রধানগণ, শাখা প্রধানগণ এবং প্রকিউরমেন্ট এর সাথে সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

## ‘এপ্লিকেশন অফ ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট অ্যাট পাবলিক সেক্টরঃ ফোকাস অন ইউনিভার্সিটি'স ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত



আইকিউএসি'র আয়োজনে ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট বিষয়ক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে দুই দিনব্যাপী ‘এপ্লিকেশন অফ ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট অ্যাট পাবলিক সেক্টরঃ ফোকাস অন ইউনিভার্সিটি'স ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২৮ জুন শুক্রবার সকাল ০৯ টায় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবনস্থ ডিস্ট্যান্স লার্নিং থিয়েটারে অনুষ্ঠিত ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। কর্মশালায় বিশেষজ্ঞ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অর্থ ও হিসাব বিভাগের পরিচালক (চলতি দায়িত্ব) জনাব মোঃ রেজাউল করিম হাওলাদার। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. কে এম আজহারুল হাসান এবং সঞ্চালনা করেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ মাহবুব হাসান। কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীনবৃন্দ, ইনস্টিটিউট পরিচালকবৃন্দ, বিভাগীয় প্রধানগণ, পরিচালকগণ, দপ্তর প্রধানগণ, শাখা প্রধানগণ এবং অর্থ, হিসাব, বাজেট ও প্রকিউরমেন্টের সাথে সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তাগণ অংশগ্রহণ করছেন। কর্মশালার প্রথমদিন ২৮ জুন পাঁচটি সেশন এবং শেষদিন ২৯ জুন পাঁচটি সেশন অনুষ্ঠিত হয়।

## জাকজঁমকপূর্ণভাবে শ্রী শ্রী সরস্বতী পূজা অনুষ্ঠিত



কুয়েটে বিদ্যার দেবী শ্রীশ্রী সরস্বতী পূজা জাকজঁমকপূর্ণভাবে অনুষ্ঠিত হয়।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ১০ ফেব্রুয়ারি রবিবার সনাতন হিন্দু ধর্মাবলম্বীদের বিদ্যার দেবী শ্রী শ্রী সরস্বতী পূজা জাকজঁমকপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে পালিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের মুক্ত মঞ্চের সম্মুখে অস্থায়ী পূজা মন্ডপে বিশ্ববিদ্যালয়ের পূজা উদ্‌যাপন কমিটির সার্বিক আয়োজনে সনাতন হিন্দু ধর্মাবলম্বী শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী, কর্মচারীসহ অন্যান্যরা স্বতঃস্ফূর্তভাবে শ্রী পঞ্চমী তিথিতে শ্বেতবসনা, বাগ্‌দেবী সরস্বতী দেবীর শুভ আরাধনার অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এ সময় পূজা মন্ডপ পরিদর্শন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন । পূজাকালীন সময়ে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটি, খুলনার মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. তারাপদ ভৌমিক, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. সোবহান মিয়া, আইইএম বিভাগের সহকারী অধ্যাপক সুব্রত তলাপাত্র, পূজা উদ্‌যাপন কমিটির সভাপতি প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল ও কোষাধ্যক্ষ রাজন কুমার রাহাসহ অন্যান্য সদস্যবৃন্দ এবং বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীবৃন্দ। শ্রী শ্রী সরস্বতী পূজা উপলক্ষে ০৯ ফেব্রুয়ারি শনিবার সন্ধ্যায় প্রতিমা আনয়ন করা হয় এবং ১১ ফেব্রুয়ারি সোমবার সকালে প্রতিমা নিরঞ্জন দেওয়া হয়।

## আইইইই পিইএস দিবস পালিত



আইইইই পিইএস দিবসের অনুষ্ঠানে অতিথিবৃন্দের সাথে অংশগ্রহণকারীবৃন্দ।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) অনুষদের আয়োজনে আইইইই পিইএস দিবস গত ৩০ এপ্রিল মঙ্গলবার পালিত হয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইইইই'র স্টুডেন্টস ব্রাঞ্চ কাউন্সিলর প্রফেসর ড. মোঃ নূরুন্নবী মোল্লা এবং প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর ম্যানেজিং ডিরেক্টর ইঞ্জিঃ মোঃ শফিক উদ্দিন। অনুষ্ঠানে গেস্ট স্পিকার হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ডের সুপারিনটেন্ডেন্ট ইঞ্জিনিয়ার রেজাউল করিম, খুলনা পাওয়ার কোম্পানী লিমিটেড এর সুপারিনটেন্ডেন্ট ইঞ্জিনিয়ার ফেরদৌসি সুলতানা, পাওয়ার গ্রীড কোম্পানী বাংলাদেশ এর এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার আবু মোহাম্মদ বখতিয়ার, নর্থ ওয়েস্ট পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী বাংলাদেশ এর সহকারী প্রকৌশলী নাজমুল হোসেন। অনুষ্ঠানে কুয়েটের ইসিই বিভাগের প্রফেসর ড. মনির হোসেন এবং ইইই বিভাগের প্রফেসর এ এন এম এনামুল কবীরসহ শতাধিক অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন।

## সিভিল ইঞ্জিনিয়ারিং ভবনের আনুভূমিক সম্প্রসারিত অংশের শুভ উদ্বোধন অনুষ্ঠিত



প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং ভবনের নবনির্মিত আনুভূমিক সম্প্রসারিত ভবনের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) সিভিল ইঞ্জিনিয়ারিং ভবনের নবনির্মিত আনুভূমিক সম্প্রসারিত ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। ১১ ফেব্রুয়ারি সোমবার সকাল সাড়ে ১০টায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং ভবনের আনুভূমিক সম্প্রসারিত ভবনের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় তিনি নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা করেন সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মুহাম্মদ শাহজাহান আলী, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. কাজী এবিএম মহিউদ্দিন, সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালক প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা, বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ এবং সঞ্চালনা করেন তত্ত্বাবধায়ক প্রকৌশলী ড. মোঃ জুলফিকার হোসেন।

## রসায়ন বিভাগের ল্যাবরেটরিতে অত্যাধুনিক "এলিমেন্টাল এনালাইজার" এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত



রসায়ন বিভাগের ল্যাবরেটরিতে অত্যাধুনিক 'এলিমেন্টাল এনালাইজার' এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) রসায়ন বিভাগের ল্যাবরেটরিতে অত্যাধুনিক "এলিমেন্টাল এনালাইজার" এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) হায়ার এডুকেশন কোয়ালিটি এনহেন্সমেন্ট প্রোজেক্টের (হেকেপ) 'এনহেন্সমেন্ট অব কেমিস্ট্রি টিচিং এন্ড লার্নিং ফ্যাসিলিটিজ অ্যাট আন্ডারগ্রাজুয়েট এন্ড মাস্টার্স লেভেল (সিপি-৬১৫১)' প্রকল্পের অধীনে ৮০ লাখ টাকা মূল্যমানের উচ্চ ক্ষমতাসম্পন্ন অত্যাধুনিক এ যন্ত্রটি কার্বন, নাইট্রোজেন, হাইড্রোজেন, অক্সিজেন এবং সালফারের শতকরা পরিমাণ সঠিকভাবে নির্ণয় করতে সক্ষম। ১৮ এপ্রিল বৃহস্পতিবার সকাল সাড়ে ১০ টায় রসায়ন বিভাগে "এলিমেন্টাল এনালাইজার" এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম, রসায়ন বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মাদ হাসান মোর্শেদ, সংশ্লিষ্ট প্রকল্পের সাব-প্রজেক্ট ম্যানেজার প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণসহ শিক্ষক, কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## তিনটি নতুন বাস উদ্বোধন



শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী ও কর্মচারীদের জন্য তিনটি নতুন বাস উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী ও কর্মচারীদের জন্য পঞ্চান্ন সীটের দুইটি নতুন বাস ও একটি এসি মিনিবাসের উদ্বোধন করা হয়েছে। ২৭ জুন বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের যানবাহন শাখার সম্মুখে এ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এ সময় তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের পরিবহনপুলে তিনটি নতুন বাস যোগ হওয়ায় পরিবহন সংকট অনেকাংশে লাঘব হবে"। তিনি আরো বলেন, "প্রত্যেককে তার অবস্থান থেকে কাজ করতে হবে, অর্পিত দায়িত্ব পালনের মাধ্যমে বিশ্ববিদ্যালয় সামনের দিকে এগিয়ে যাবে"। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন যানবাহন কমিটির সভাপতি প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. কাজী এবিএম মহিউদ্দিন, রেজিস্ট্রার জি এম শহিদুল আলম, ছাত্রকল্যাণ কমিটির সদস্য-সচিব সাদমান নাহিয়ান সেজান এবং সঞ্চালনা করেন পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, ছাত্র-ছাত্রী ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। উদ্বোধন শেষে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরসহ শিক্ষক, কর্মকর্তা, ছাত্র-ছাত্রী ও কর্মচারীবৃন্দ নতুন বাসে চড়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করেন।

## উৎসবমুখর পরিবেশে বাংলা বর্ষবরণ



পহেলা বৈশাখ ১৪২৬ 'শুভ নববর্ষ' উদ্‌যাপন উপলক্ষে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

(০৪ পৃষ্ঠার পর) সকাল সাড়ে ১০টা থেকে সন্ধ্যা পর্যন্ত খেলার মাঠে অনুষ্ঠিত হয় সাপ খেলা, বানর খেলা, লাঠি খেলা, নাগর দোলা, মোরগের লড়াই, ছাত্রদের অংশগ্রহণে মোরগ লড়াই ও ঘুড়ি উৎসব। এছাড়া, সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পরিবেশনায় অনুষ্ঠিত হয় দেশের গান। বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন উপস্থিত থেকে এ সব প্রতিযোগিতা ও অনুষ্ঠান উপভোগ করেন এবং বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

শিক্ষক সমিতি দেশীয় খাবার পরিবেশনসহ বিভিন্ন জাকজমকপূর্ণ অনুষ্ঠান ও পারিবারিক মিলন মেলার আয়োজন করে। অফিসার্স এসোসিয়েশন কৃতি শিক্ষার্থী সংবর্ধনাসহ সাংস্কৃতিক অনুষ্ঠান ও দেশীয় খাবারের আয়োজন করে।

## সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. খোঃ মোঃ শফিউল ইসলামের মৃত্যুতে ভাইস-চ্যান্সেলরের গভীর শোক প্রকাশ

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. খোঃ মোঃ শফিউল ইসলামের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। মৃত্যু সংবাদ শোনার পরই কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. খোঃ মোঃ শফিউল ইসলামকে দেখতে ছুটে যান, তিনি প্রফেসর শফিউলের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। উল্লেখ্য, প্রফেসর ড. খোঃ মোঃ শফিউল ইসলাম ১১ মে ২০১৯ শনিবার বেলা আনুমানিক ২.৩০ টায় নগরীর সিটি মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। আসরবাদ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে জানাজা অনুষ্ঠিত হয়। ১২ মে ফজরের নামাজের পর তাঁর দাফন সম্পন্ন হয়। তিনি বেশ কিছুদিন যাবৎ দুরারোগ্য ক্যান্সারে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে, দুই মেয়ে, আত্মীয়-স্বজনসহ অসংখ্য ছাত্র-ছাত্রী ও গুনগ্রাহী রেখে গেছেন।

## প্রফেসর ড. খোঃ মোঃ শফিউল ইসলাম এর স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত



শিক্ষক সমিতির আয়োজনে সিই বিভাগের প্রফেসর ড. খোঃ মোঃ শফিউল ইসলাম এর স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে বক্তৃতা করেন ইউজিসি'র মাননীয় সদস্য অত্র বিশ্ববিদ্যালয়ের সিই বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রয়াত শিক্ষক প্রফেসর ড. খোঃ শফিউল ইসলাম স্মরণে কুয়েট শিক্ষক সমিতির আয়োজনে স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। ২৩ জুন রবিবার বিকাল ৩ টায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ক্লাবে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ইউজিসি'র মাননীয় সদস্য অত্র বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মোহাম্মদ আরিফ হোসেন, সহ-সভাপতি প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, সাধারণ সম্পাদক প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীলসহ শিক্ষক সমিতির অন্যান্য নেতৃবৃন্দ এবং শিক্ষকগণ অংশগ্রহণ

## যথাযোগ্য মর্যাদায় জাতীয় শিশু দিবস ২০১৯ উদ্‌যাপিত

(০৩ পৃষ্ঠার পর) বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। শ্রদ্ধা নিবেদন শেষে স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে সকাল সাড়ে ৯ টায় বিশ্ববিদ্যালয়ের আয়োজনে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদারের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তৃতা করেন সিই অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী, ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ ও এমই অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম। পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদারের সঞ্চালনায় অন্যান্যের মধ্যে আলোচনায় অংশগ্রহণ করেন ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সারোয়ার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি প্রকৌঃ মোঃ আনিছুর রহমান ভুঞা, খুলনা ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের প্রধান শিক্ষক আয়শা সিদ্দিকা, বাংলাদেশ ছাত্রলীগ কুয়েট শাখার সাধারণ সম্পাদক সাদমান নাহিয়ান সেজান, কর্মচারী সমিতির (৩য় শ্রেণী) সভাপতি মোঃ মামুনুর রশীদ জুয়েল, কর্মচারী সমিতির (৪র্থ শ্রেণী) সাধারণ সম্পাদক ইমরান আলী রনি, বঙ্গবন্ধু কর্মচারী পরিষদের সভাপতি সোনালী বিনতে শরীফ। আলোচনা অনুষ্ঠান শেষে ক্যাম্পাসস্থ বিদ্যালয়সমূহের উদ্যোগে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এছাড়া স্কুলের শিক্ষার্থীদের অংশগ্রহণে রচনা, চিত্রাংকন, হাতের সুন্দর লেখা, নির্ধারিত উপস্থিত বক্তৃতা ও বঙ্গবন্ধুর জীবন আলেখ্যসহ বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। সকাল ৮ঃ৪৫ টায় বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর নেতৃত্বে স্কুলসমূহের শিক্ষার্থী, শিক্ষকবৃন্দের অংশগ্রহণে একটি শোভাযাত্রা ও আসর বাদ বঙ্গবন্ধুর আত্মার মাগফেরাত কামনা করে বিশ্ববিদালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া মাহ্‌ফিল অনুষ্ঠিত হয়।

## কুয়েটে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

(০৩ পৃষ্ঠার পর) নটরডেম কলেজ এসোসিয়েশন অব কুয়েট, ওকেএস, নাটোর এসোসিয়েশনসহ বিভিন্ন সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠান ও ব্যক্তির পক্ষ থেকে শহীদ মিনারে পুস্পমাল্য অর্পণ করা হয়।

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত ও কালো পতাকা উত্তোলন, সকাল ৯টায় স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। সকাল সাড়ে ১০ টায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আলোচনা সভায় পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদারের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী ও ইইই অনুষদের ডীন প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ। আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, রেজিস্ট্রার জি এম শহিদুল আলম, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ রাফিজুল ইসলাম, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি প্রকৌঃ মোঃ আনিছুর রহমান ভূঞা, তৃতীয় শ্রেণীর কর্মচারী সমিতির সভাপতি মোঃ মামুনুর রশীদ জুয়েল, বঙ্গবন্ধু কর্মচারী পরিষদের সভাপতি সোনালী বিনতে শরীফ। এছাড়া, আসর বাদ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে শহীদদের রুহের মাগফেরাত ও দেশের শান্তি, কল্যাণ কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

## "মানব বর্জ্যকে সম্পদে পরিণত করা সম্ভব"

(শেষ পৃষ্ঠার পর) ভাইস-চ্যান্সেলর ও সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কাজী হামিদুল বারী। সম্মেলনের সহযোগী আয়োজক হিসেবে বক্তৃতা করেন জার্মানির বা'হস ইউনিভার্সিটি ওয়েমার এর প্রফেসর ইকার্ড ক্রাফট, স্ট্রাটেজিক পার্টনারস হিসেবে বক্তৃতা করেন প্রাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশ এর মেহেরাব উল গণি, ওয়াটারএইড বাংলাদেশ এর ড. মোঃ লিয়াকত আলী, থীম পেপার প্রেজেন্টেশন করেন ইতালির ইউনিভার্সিটি অব প্যাডোভা এর প্রফেসর রাফায়েলো কসু, জার্মানীর বা'হস ইউনিভার্সিটি ওয়েমার এর প্রফেসর লিজ বাকুবার। এসময় বিশেষ অতিথি এসএনভি বাংলাদেশের কান্ট্রি ডাইরেক্টর জেসন মিটকেল বিলাংগার এর লিখিত বক্তব্য পাঠ করা হয়।

২৪ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ওয়েস্টসেফ ২০১৯ এর চেয়ার, কুয়েটের সাবেক ভাইস-চ্যান্সেলর এবং সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। অনুষ্ঠানে চিফ প্যাট্রোন হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের অ্যাকটিং ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী হামিদুল বারী। সমাপনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন প্রফেসর রাফায়েলো কসু, প্রফেসর ইকার্ড ক্রাফট, প্রফেসর লিজ বাকুবার, নেপালের ওয়েস্ট ম্যানেজমেন্ট বিশেষজ্ঞ ও শিক্ষাবীদ ড. নওয়া রাজ খাতিওয়াদা ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. কাজী এবিএম মহিউদ্দিন। সম্মেলনে ১২টি প্যারালাল টেকনিক্যাল সেশন ও ৩টি কী-নোট সেশনে মোট ৩টি কী-নোট পেপার, ১টি থীম পেপার ও ৭৭টি কারিগরী পেপার উপস্থাপিত হয় এবং সেরা ৩টি পেপারকে প্রফেসর ড. মোহাম্মদ হারুনুর রশীদ বেষ্ট পেপার ও ১টি সেরা উদ্ভাবনী এ্যাওয়ার্ড প্রদান করা হয়। সম্মেলনে জার্মানি, ইতালি, নেপাল, ভারত ও জিম্বাবুয়ের ৪৫ জনসহ ২০০ জন খ্যাতনামা বিজ্ঞানী, গবেষক, প্রকৌশলী, প্রযুক্তিবিদ, শিক্ষাবিদ, পেশাজীবী ও নীতিনির্ধারকগণ অংশগ্রহণ করেন। সম্মেলনের প্রথম দিন সকাল থেকে বা'হস বিশ্ববিদ্যালয় ওয়েমার জার্মানী'র শতবর্ষ উদ্‌যাপন উপলক্ষে চার দিনব্যাপী চিত্র প্রদর্শনী শুরু করে এবং রাতে কনফারেন্স ডিনার ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মাঝে প্রফেসর রাফায়েলো কসু-কে ওয়েস্টসেফ লাইফটাইম এ্যাচিভমেন্ট এ্যাওয়ার্ড প্রদান করা হয়। কুয়েট, বা'হস ইউনিভার্সিটি ওয়েমার জার্মানি, ইউনিভার্সিটি অব প্যাডোভা ইতালি ও ইন্টারন্যাশন্যাল ওয়েস্ট ওয়ার্কিং গ্রুপ এর যৌথ আয়োজনে কুয়েটে ৬ষ্ঠ বারের মত এই আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে সহযোগী হিসেবে ছিল বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, এসএনভি-নেদারল্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন, ওয়াটার এইড, সেভেন রিংস সিমেন্ট, প্রাকটিক্যাল একশন ও চায়না জিও-ইঞ্জিনিয়ারিং কর্পোরেশন (সিজিসি)।

## "কুয়েটের গবেষণা বাংলাদেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে"

(শেষ পৃষ্ঠার পর) অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন ইউজিসি'র প্রাইভেট ইউনিভার্সিটি ডিভিশনের পরিচালক ড. মোঃ ফকরুল ইসলাম, আরএসপি ডিভিশনের পরিচালক (চলতি দায়িত্ব) জনাব মোঃ ওমর ফারুক, এ্যাডমিনিস্ট্রেটিভ ডিভিশনের যুগ্ম সচিব জনাব জাফর আহমদ জাহাঙ্গীর। অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জি এম শহিদুল আলম এবং সঞ্চালনা করেন পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার। উদ্বোধনী অনুষ্ঠান শেষে টেকনিক্যাল সেশনে 'অ্যানুয়াল পারফর্মেন্স এগ্রিমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম', 'কী পারফরমেন্স ইন্ডিকেটর', 'ম্যান্ডেটরী স্ট্রাটেজিক অবজেকটিভসঃ টুল ফর এনসিওরিং গভর্নেন্স' এবং 'গভর্নমেন্ট পারফরমেন্স ম্যানেজমেন্ট সিষ্টেমঃ কনসেপ্টস এন্ড কনটেন্টস' শীর্ষক প্রেজেন্টেশন প্রদান করেন যথাক্রমে ক্যাবিনেট ডিভিশনের সিনিয়র সহকারী সচিব আর এইচ এম আলাওল কবির, ইউজিসি'র প্রাইভেট ইউনিভার্সিটি ডিভিশনের পরিচালক ড. মোঃ ফকরুল ইসলাম, আরএসপি ডিভিশনের পরিচালক (চলতি দায়িত্ব) জনাব মোঃ ওমর ফারুক এবং ইউজিসি এর সিনিয়র এসিসটেন্ট ডাইরেক্টর মোহাম্মদ নজরুল ইসলাম। কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীনবৃন্দ, ইনস্টিটিউট পরিচালকগণ, বিভাগীয় প্রধানগণ, পরিচালকগণ, প্রভোস্টগণ, অধ্যাপকবৃন্দ, দপ্তরপ্রধানগণ এবং শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন কমিটির সদস্যগণ অংশগ্রহণ করেন।

## বিভিন্ন বিভাগ/দপ্তরে নতুন শিক্ষক/কর্মকর্তার দায়িত্ব গ্রহণ/যোগদান

(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

### এমই অনুষদের ডীন হিসাবে প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর এমই বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম গত ২০ জানুয়ারি ২০১৯ ইং তারিখে এমই অনুষদের ডীন হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### এমএসই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. মোঃ শাহজাহান এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর ইইই বিভাগের প্রফেসর ড. মোঃ শাহজাহান গত ০১ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের এমএসই বিভাগে বিভাগীয় প্রধান হিসেবে যোগদান করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### আর্কিটেকচার বিভাগে বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. বায়েজীদ ইসমাইল চৌধুরী এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর আর্কিটেকচার বিভাগের প্রফেসর ড. বায়েজীদ ইসমাইল চৌধুরী গত ০৭ ফেব্রুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আর্কিটেকচার বিভাগে দ্বিতীয় মেয়াদে বিভাগীয় প্রধান হিসেবে যোগদান করেছেন।

### আইইএম বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে ড. কাজী আরিফ-উজ-জামান এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর আইইএম বিভাগের সহকারী অধ্যাপক ড. কাজী আরিফ-উজ-জামান গত ০৩ মে ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আইইএম বিভাগে বিভাগীয় প্রধান হিসেবে যোগদান করেছেন।

### পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) হিসেবে প্রফেসর ড. মোঃ সাইফুল ইসলাম এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ সাইফুল ইসলাম অত্র বিশ্ববিদ্যালয়ের পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) হিসেবে দ্বিতীয় মেয়াদে গত ০৭ ফেব্রুয়ারি ২০১৯ ইং তারিখ দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন

### অতিরিক্ত পরিচালক (আইকিউএসি) হিসেবে প্রফেসর ড. মোঃ মাহবুব হাসান এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর ইইই বিভাগের প্রফেসর ড. মোঃ মাহবুব হাসান অত্র বিশ্ববিদ্যালয়ের অতিরিক্ত পরিচালক (আইকিউএসি) হিসেবে গত ১৬ জুন ২০১৯ ইং তারিখ দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### সহকারী প্রভোস্ট হিসেবে মোঃ মাহবুবুর রহমান এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর আইইএম বিভাগের সহকারী অধ্যাপক মোঃ মাহবুবুর রহমান গত ০১ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অমর একুশে হলের সহকারী প্রভোস্ট হিসেবে দ্বিতীয় মেয়াদে দায়িত্ব গ্রহণ করেছেন।

### সহকারী প্রভোস্ট হিসেবে পলাশ চন্দ্র দাস এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর ইউআরপি বিভাগের সহকারী অধ্যাপক পলাশ চন্দ্র দাস গত ১৬ জুন ২০১৯ ইং তারিখে খানজাহান আলী হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### সহকারী প্রভোস্ট হিসেবে আল-মাহমুদ এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর সিএসই বিভাগের সহকারী অধ্যাপক আল-মাহমুদ গত ১৬ জুন ২০১৯ ইং তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### সহকারী প্রভোস্ট হিসেবে মোঃ হাবিবুর রহমান এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর আইইএম বিভাগের সহকারী অধ্যাপক মোঃ হাবিবুর রহমান গত ১৬ জুন ২০১৯ ইং তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### সহকারী প্রভোস্ট হিসেবে মোঃ নাঈম হাসান এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক মোঃ নাঈম হাসান গত ১৬ জুন ২০১৯ ইং তারিখে ড. এম এ রশিদ হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

## এমই বিভাগে অধ্যাপক হিসেবে ড. জহির উদ্দিন আহাম্মদ এর যোগদান




ড. জহির উদ্দিন আহাম্মদ গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের এমই বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৫ ফেব্রুয়ারি ২০১৭ ইং তারিখে সহযোগী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের এমই বিভাগে যোগদান করেন।

## ইইই বিভাগে অধ্যাপক হিসেবে ড. মোস্তফা জামান চৌধুরী এর যোগদান



ড. মোস্তফা জামান চৌধুরী গত ২১ এপ্রিল ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৫ জুলাই ২০১৫ ইং তারিখে সহযোগী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে যোগদান করেন।

## সিই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে মীর আব্দুল কুদ্দুস এর যোগদান



মীর আব্দুল কুদ্দুস গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১২ জুলাই ২০০৯ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের সিই বিভাগে যোগদান করেন।

## ইইই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. মোঃ হাবিবুল্লাহ এর যোগদান



ড. মোঃ হাবিবুল্লাহ গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০১ জানুয়ারি ২০১২ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে যোগদান করেন।

## ইইই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. মোঃ সেলিম হোসেন এর যোগদান



ড. মোঃ সেলিম হোসেন গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০১ জানুয়ারি ২০১২ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে যোগদান করেন।

## এমই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. আব্দুল্লাহ-আল-ফারুক এর যোগদান



ড. আব্দুল্লাহ-আল-ফারুক গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের এমই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০১ জানুয়ারি ২০১২ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের এমই বিভাগে যোগদান করেন।

## গণিত বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. মোঃ আশরাফুল আলম এর যোগদান



ড. মোঃ আশরাফুল আলম গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০১ জানুয়ারি ২০১২ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে যোগদান করেন।

## মানবিক বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে ড. মোঃ শাহিনুর আলম সরকার এর যোগদান



ড. মোঃ শাহিনুর আলম সরকার গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মানবিক বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০১ জানুয়ারি ২০১২ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের মানবিক বিভাগে যোগদান করেন।

## ইউআরপি বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে তুষার কান্তি রায় এর যোগদান



জনাব তুষার কান্তি রায় গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইউআরপি বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০৭ এপ্রিল ২০১১ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইউআরপি বিভাগে যোগদান করেন।

## আইইএম বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে সুব্রত তলাপাত্র এর যোগদান



জনাব সুব্রত তলাপাত্র গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আইইএম বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১০ জুন ২০১২ ইং তারিখে সহকারী অধ্যাপক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের আইইএম বিভাগে যোগদান করেন।

## ইএসই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে মোঃ সোহরাব হোসেন এর যোগদান



জনাব মোঃ সোহরাব হোসেন গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইএসই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৬ জুলাই ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইএসই বিভাগে যোগদান করেন।

## সিই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে শেখ সাকিব এর যোগদান



জনাব শেখ সাকিব গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৯ নভেম্বর ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের সিই বিভাগে যোগদান করেন।

## ইসিই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে চন্দন সাহা এর যোগদান



জনাব চন্দন সাহা গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইসিই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৯ নভেম্বর ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইসিই বিভাগে যোগদান করেন।

## ইসিই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে শুভাশিষ সাহা এর যোগদান



জনাব শুভাশিষ সাহা গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইসিই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৯ নভেম্বর ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইসিই বিভাগে যোগদান করেন।

## আইইএম বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে মোঃ আল-আমীন এর যোগদান



জনাব মোঃ আল-আমীন গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আইইএম বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৯ নভেম্বর ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের আইইএম বিভাগে যোগদান করেন।

## আইইএম বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে মোঃ হাবিবুর রহমান এর যোগদান



জনাব মোঃ হাবিবুর রহমান গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আইইএম বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৯ নভেম্বর ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের আইইএম বিভাগে যোগদান করেন।

## ইউআরপি বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে পলাশ চন্দ্র দাশ এর যোগদান



জনাব পলাশ চন্দ্র দাশ গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইউআরপি বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৯ নভেম্বর ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের ইউআরপি বিভাগে যোগদান করেন।

## এলই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে আবু জর এর যোগদান



জনাব আবু জর গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের এলই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৯ নভেম্বর ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের এলই বিভাগে যোগদান করেন।

## এলই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে তুহিন কুমার দে এর যোগদান



জনাব তুহিন কুমার দে গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের এলই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৯ নভেম্বর ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের এলই বিভাগে যোগদান করেন।

## টিই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে মোহাম্মদ নাঈম হাসান এর যোগদান



জনাব মোহাম্মদ নাঈম হাসান গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের টিই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৯ নভেম্বর ২০১৫ ইং তারিখে প্রভাষক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের টিই বিভাগে যোগদান করেন।

## বিইসিএম বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে মিজানুর রহমান এর যোগদান



জনাব মিজানুর রহমান গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের বিইসিএম বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২৯ মে ২০১৬ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের বিইসিএম বিভাগে যোগদান করেন।

## এমই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে ড. মোঃ শফিউল ফেরদৌস এর যোগদান



ড. মোঃ শফিউল ফেরদৌস গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের এমই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি গত ০১ আগস্ট ২০১৮ ইং তারিখে প্রভাষক হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ের এমই বিভাগে যোগদান করেন।

## এমটিই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে সৌরভ রায় এর যোগদান



জনাব সৌরভ রায় গত ২৪ ফেব্রুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের এমটিই বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর ইইই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি খুলনা জেলার দক্ষিণ খালিশপুরস্থ এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন।

## সিএসই বিভাগে প্রভাষক হিসেবে হাসান মুরাদ এর যোগদান



জনাব হাসান মুরাদ গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি বুয়েট এর সিএসই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি চট্টগ্রাম জেলার রাঙ্গুনীয়ার কালারাজারবাড়ির এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## আইইএম বিভাগে প্রভাষক হিসেবে রাফাত মাহমুদ হৃদয় এর যোগদান



জনাব রাফাত মাহমুদ হৃদয় গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আইইএম বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর আইইএম বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি ঢাকা জেলার দক্ষিণ খান এলাকার আমতলাস্থ এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## আইইএম বিভাগে প্রভাষক হিসেবে পলাশ সাহা এর যোগদান



জনাব পলাশ সাহা গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আইইএম বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর আইইএম বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার রুদাঘরা গ্রামের এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন।

## ইএসই বিভাগে প্রভাষক হিসেবে তাহির মাহমুদ এর যোগদান



জনাব তাহির মাহমুদ গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইএসই বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি বুয়েট এর এমই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি যশোর সদরের পুরাতন কসবাস্থ এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## ইউআরপি বিভাগে প্রভাষক হিসেবে মোঃ নাজমুল হক এর যোগদান



জনাব মোঃ নাজমুল হক গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইউআরপি বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর ইউআরপি বিভাগ থেকে বিইউআরপি ডিগ্রী লাভ করেন। তিনি হাবিবনগর, কদমতলী, ঢাকার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## ইউআরপি বিভাগে প্রভাষক হিসেবে শারফান উপল এর যোগদান



জনাব শারফান উপল গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইউআরপি বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর ইউআরপি বিভাগ থেকে বিইউআরপি ডিগ্রী লাভ করেন। তিনি খুলনা জেলার দৌলতপুর থানার মহেশ্বরপাশার বনিক পাড়াস্থ এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## আর্কিটেকচার বিভাগে প্রভাষক হিসেবে শাওনী প্রিয়ম শিকদার এর যোগদান



জনাব শাওনী প্রিয়ম শিকদার গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আর্কিটেকচার বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি বুয়েট এর আর্কিটেকচার বিভাগ থেকে বিআর্ক ডিগ্রী লাভ করেন। তিনি খুলনা জেলার খানজাহান আলী থানার ফুলবাড়ীগেট এর এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন।

## এলই বিভাগে প্রভাষক হিসেবে সোফিয়া পায়েল এর যোগদান



জনাব সোফিয়া পায়েল গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের এলই বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর এলই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি গোপালগঞ্জ জেলা ও থানার ঘড়াইগাতি গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## এমএসই বিভাগে প্রভাষক হিসেবে নুসরাত নওশিন এর যোগদান



জনাব নুসরাত নওশিন গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের এমএসই বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি বুয়েট এর এমএসই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার বন্দরভিটা গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## আইডিএম এ প্রভাষক হিসেবে মোঃ রিয়াদ হোসেন এর যোগদান



জনাব মোঃ রিয়াদ হোসেন গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আইডিএম এ প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি খুলনা বিশ্ববিদ্যালয় থেকে বিএসসি, এমএসসি এবং বেলজিয়াম থেকে এমএসসি ডিগ্রী অর্জন করেন। তিনি চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলার পাইকপাড়া গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## কেমিক্যাল বিভাগে প্রভাষক হিসাবে শেখ ইয়াসির আরাফাত সিদ্দিকী এর যোগদান



জনাব শেখ ইয়াসির আরাফাত সিদ্দিক গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কেমিক্যাল বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি বুয়েট এর কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি খুলনা জেলার বাগমার মেইন রোডস্থ এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## মানবিক বিভাগে প্রভাষক হিসেবে মুসম্মৎ মাহজেবিন এর যোগদান



জনাব মুসম্মৎ মাহজেবিন গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মানবিক বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছেন। তিনি খুলনা বিশ্ববিদ্যালয় থেকে বিএসএস (সামাজবিজ্ঞান) ও এমএসএস (সামাজবিজ্ঞান) ডিগ্রী লাভ করেন। তিনি খুলনা জেলার শিপইয়ার্ডস্থ এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## প্রিন্সিপ্যাল টেকনিক্যাল অফিসার হিসেবে মোঃ মহিববুল্লাহ চৌধুরী এর যোগদান



জনাব মোঃ মহিববুল্লাহ চৌধুরী গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে প্রিন্সিপ্যাল টেকনিক্যাল অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১৮ নভেম্বর ২০০৫ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে টেকনিক্যাল অফিসার হিসেবে যোগদান করেন।

## প্রিন্সিপ্যাল টেকনিক্যাল অফিসার হিসেবে মোঃ আজিজার রহমান এর যোগদান



জনাব মোঃ আজিজার রহমান গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে প্রিন্সিপ্যাল টেকনিক্যাল অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ১৮ নভেম্বর ২০০৫ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগে টেকনিক্যাল অফিসার হিসেবে যোগদান করেন।

## ফিন্যান্স অফিসার হিসেবে এফ. এম. সাইফুল্লাহ এর যোগদান



জনাব এফ. এম. সাইফুল্লাহ গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পট্রোলার এর দপ্তরে ফিন্যান্স অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২১ ডিসেম্বর ২০১০ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পট্রোলার এর দপ্তরে সহকারী ফিন্যান্স অফিসার হিসেবে যোগদান করেন।

## সহকারী মেডিকেল অফিসার হিসেবে ডাঃ ফারজানা খাতুন এর যোগদান



ডাঃ ফারজানা খাতুন গত ২৭ জানুয়ারি ২০১৯ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে সহকারী মেডিকেল অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি ময়মনসিংহ মেডিকেল কলেজ থেকে এমবিবিএস ডিগ্রী লাভ করেন। তিনি কুষ্টিয়া জেলার আমলা পাড়াস্থ এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## সহকারী প্রোগ্রামার হিসেবে মোঃ মেহেদী ইসলাম এর যোগদান



জনাব মোঃ মেহেদী ইসলাম গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরীতে সহকারী প্রোগ্রামার হিসেবে যোগদান করেছেন। তিনি কুয়েট এর সিএসই বিভাগ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি খুলনার দৌলতপুরের পাবলাস্থ এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

## সহকারী প্রোগ্রামার হিসেবে মোঃ আসাদুজ্জামান এর যোগদান



জনাব মোঃ আসাদুজ্জামান গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মানবিক বিভাগে সহকারী প্রোগ্রামার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ৩০ ডিসেম্বর ২০০৮ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মানবিক বিভাগে উপ-সহকারী প্রোগ্রামার হিসেবে যোগদান করেন।

## টেকনিক্যাল অফিসার হিসেবে মোঃ সালাহ উদ্দিন এর যোগদান



জনাব মোঃ সালাহ উদ্দিন গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের এমই বিভাগে টেকনিক্যাল অফিসার হিসেবে যোগদান করেছেন। তিনি গত ২০ অক্টোবর ২০১০ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের এমই বিভাগে সহকারী টেকনিক্যাল অফিসার হিসেবে যোগদান করেন।

### বাজেট অফিসার হিসেবে মোঃ তানজিজুর রহমান এর যোগদান



জনাব মোঃ তানজিজুর রহমান গত ২৭ জানুয়ারি ২০১৯ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পট্রোলার এর দপ্তরে বাজেট অফিসার হিসেব যোগদান করেছেন। তিনি গত ২৯ নভেম্বর ২০১৫ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের কম্পট্রোলার এর দপ্তরে সহকারী বাজেট অফিসার হিসেবে যোগদান করেন।

## শিক্ষক/কর্মকর্তাদের উচ্চতর ডিগ্রি অর্জন

### জনাব মোঃ হাসানুজ্জামান এর পিএইচডি ডিগ্রী অর্জন

গণিত বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ হাসানুজ্জামান গত ২৬ মার্চ ২০১৯ ইং তারিখে জাপানের Saga University থেকে পিএইচডি ডিগ্রী অর্জন করেন। তার গবেষণার শিরোনাম ছিল "Numerical and Similarity Analysis on Heat and Mass Transfer of Liquid Film Flowing Along an Inclined Porous Wall".

### জনাব আবু সাইদ মোঃ জান্নাতুল ইসলাম এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের (ইইই) প্রভাষক জনাব আবু সাইদ মোঃ জান্নাতুল ইসলাম গত ৩১ জানুয়ারি ২০১৯ ইং তারিখে কুয়েটের ইইই বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল "Study on Thermal and Mechanical Properties of 2D Silicon Carbide Using Molecular Dynamics Simulation".

### জনাব এস এম সাইফুর রহমান এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজী (আইআইসিটি) এর প্রোগ্রামার জনাব এস এম সাইফুর রহমান গত ১৩ ফেব্রুয়ারি ২০১৯ ইং তারিখে কুয়েটের সিএসই বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল "A Voting Scheme Based on Revised SVRM and Confirmation Numbers".

### জনাব অমিত কুমার পোদ্দার এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের প্রভাষক জনাব অমিত কুমার পোদ্দার গত ০৯ মার্চ ২০১৯ ইং তারিখে কুয়েটের ইইই বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল "Model Predictive Based Energy Efficient Control of an On-grid PV Inverter".

### জনাব মিলন ইসলাম এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের প্রভাষক জনাব মিলন ইসলাম গত ২৩ মার্চ ২০১৯ ইং তারিখে কুয়েটের সিএসই বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল "Analysis and Modeling of Automated Walking Guide to Enhance the Mobility of Visually Impaired People".

### জনাব মোঃ হাবিবুর রহমান এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট (আইইএম) বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ হাবিবুর রহমান গত ০১ এপ্রিল ২০১৯ ইং তারিখে কুয়েটের আইইএম বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল "Development of Strategic Fit Model of Manufacturing Unit for Garments Industry".

### জনাব শেখ ইমরান হোসেন এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের সহকারী অধ্যাপক জনাব শেখ ইমরান হোসেন গত ১৭ এপ্রিল ২০১৯ ইং তারিখে কুয়েটের সিএসই বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল "University Course Scheduling Using Prominent Nature Inspired Techniques".

### জনাব শেখ আকিব শাহরিয়ার এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের প্রভাষক জনাব শেখ আকিব শাহরিয়ার গত ০২ মে ২০১৯ ইং তারিখে কুয়েটের সিএসই বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল "Speech Enhancement Using Convolutional Denoising Autoencoder".

### জনাব মোঃ মাহবুবুর রহমান এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট (আইইএম) বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ মাহবুবুর রহমান গত ২০ জুন ২০১৯ ইং তারিখে কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল "Solving Multi-Objective Assignment Problem with Decision Maker's Preferences by Using Genetic Algorithm".

### প্রকৌঃ মোঃ মাহমুদুল হাসান এর এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন

পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) দপ্তরের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রকৌঃ মোঃ মাহমুদুল হাসান গত ২৭ জুন ২০১৯ ইং তারিখে কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে এমএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল "Study of the Tribological Properties of Used and Recycled Lubricants".

## অ্যাওয়ার্ড/সম্মাননা

### জনাব মোঃ সাইফুল ইসলাম এর বেস্ট ট্রাক পেপার অ্যাওয়ার্ড অর্জন

ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট (আইইএম) বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ সাইফুল ইসলাম গত ০৬ মার্চ ২০১৯ ইং তারিখে থাইল্যান্ডের ব্যাংকক এ অনুষ্ঠিত আইইওএম কনফারেন্সে বেস্ট ট্রাক পেপার অ্যাওয়ার্ড (লজিস্টিকস) অর্জন করেছেন। তার গবেষণার শিরোনাম ছিল "An Efficient Storage Allocation in Warehouse to Minimize Travel Distance of Pickers"

### জনাব শাওনী প্রিয়ম শিকদার এর 'Commendation' অ্যাওয়ার্ড অর্জন

আর্কিটেকচার বিভাগের প্রভাষক জনাব শাওনী প্রিয়ম শিকদার গত ২৩ মে ২০১৯ ইং তারিখে DOT: Student Design Award এর 13th Cycle এর 'Commendation' অ্যাওয়ার্ড অর্জন করেছেন এবং তার প্রজেক্টটি DOT: Journal on Art & Architecture Issue 02: Vol. 04, March 2019 এ প্রকাশিত হয়েছে।

# "কুয়েটের গবেষণা বাংলাদেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে"

- ইউজিসি চেয়ারম্যান

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) "অ্যানুয়াল পারফরমেন্স ম্যানেজমেন্টঃ কুয়েট পার্সপেক্টিভ" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২০ এপ্রিল শনিবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের ডিসটেন্স লার্নিং থিয়েটারে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন এবং কর্মশালার উদ্বোধন করেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) মাননীয় চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান এবং সভাপতিত্ব করেন কুয়েটের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। প্রধান অতিথির বক্তৃতায় ইউজিসি'র মাননীয় চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান বলেন, "বাংলাদেশের উন্নয়নের গতিধারা ধরে রাখতে হবে, বৃদ্ধি করতে হবে আমাদের কর্মদক্ষতা। কুয়েটের গবেষণা বাংলাদেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। আমাদের সকলকে মনে রাখতে হবে, এদেশের সাধারণ মানুষের প্রতি আমাদের দায়বদ্ধতা রয়েছে"। তিনি আরো বলেন, "সরকার সরকারি কর্মচারীদের বেতন-ভাতা দ্বিগুণের বেশী বৃদ্ধি করেছে, এরপরও দুর্নীতি বন্ধ হচ্ছে না। দুর্নীতি একটা ব্যাধিতে পরিণত হয়েছে, এটি আমাদেরকে গ্রাস করে ফেলেছে। আমাদের অভ্যাস এবং মানসিকতার পরিবর্তন আনতে হবে, তাহলেই এ অবস্থার পরিবর্তন ঘটবে। এজন্য সর্বক্ষেত্রে শুদ্ধাচার বাস্তবায়ন, নৈতিকতার চর্চা এবং স্বচ্ছতার সাথে কাজ করতে হবে"। (১৭ পৃষ্ঠায় দেখুন)



'অ্যানুয়াল পারফরমেন্স ম্যানেজমেন্টঃ কুয়েট পার্সপেক্টিভ' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন এবং কর্মশালার উদ্বোধন করেন ইউজিসি'র মাননীয় চেয়ারম্যান প্রফেসর আব্দুল মান্নান।

## "বাংলাদেশের প্রযুক্তিগত উন্নয়নে কুয়েট অগ্রগামী ভূমিকা পালন করছে"

- প্রফেসর ড. এম. শাহ্ নওয়াজ আলি




বিশ্ববিদ্যালয় দিবস ২০১৮ উপলক্ষ্যে কুয়েটে আনন্দ শোভাযাত্রার নেতৃত্ব দেন ইউজিসি'র মাননীয় সদস্য প্রফেসর ড. এম শাহ্ নওয়াজ আলি, উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেনসহ অন্যান্যরা।

বর্ণিল আয়োজন আর বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্যদিয়ে ২২ সেপ্টেম্বর ২০১৮ শনিবার খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ১৫তম বর্ষপূর্তি, বিশ্ববিদ্যালয় দিবস পালিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) মাননীয় সদস্য প্রফেসর ড. এম. শাহ্ নওয়াজ আলি এবং সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। দিনটিকে স্মরণীয় করে রাখতে সেজেছিল পুরো বিশ্ববিদ্যালয়, সর্বত্রই ছিল সাজ-সাজ রব। সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে অনুষ্ঠিত হয় প্রীতি সমাবেশ। এরপর পৌনে ১০টায় জাতীয় সঙ্গীতের সঙ্গে সঙ্গে উত্তোলন করা হয় জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা। পতাকা উত্তোলন শেষে প্রধান অতিথি বেলুন ও শান্তির প্রতীক পায়রা উড়িয়ে বিশ্ববিদ্যালয় দিবসের শুভ উদ্বোধন করেন। (০২ পৃষ্ঠায় দেখুন)

## ইউজিসি'র সদস্য হিসেবে প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর এর যোগদান



প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) মাননীয় সদস্য হিসেবে গত ১৬ জুন রবিবার যোগদান করেছেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আইন, ১৯৭৩ (রাষ্ট্রপতির আদেশ নম্বর ১০/৭৩) এবং সংশোধিত আইন ১৯৯৮ এর ২(বি) ধারা অনুযায়ী প্রফেসর ড. মুহাম্মদ আলমগীরকে ইউজিসি'র সদস্য হিসেবে নিয়োগ প্রদান করা হয়। প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর ২১শে জুলাই ২০১০ থেকে ০২ আগস্ট ২০১৮ পর্যন্ত পরপর দুই মেয়াদে কুয়েটের ভাইস-চ্যান্সেলর হিসেবে দায়িত্ব পালন করেন।

## "মানব বর্জ্যকে সম্পদে পরিণত করা সম্ভব"

-কেসিসি মেয়র




'ওয়েস্টসেফ-২০১৯' এর প্রধান অতিথি কেসিসি'র মাননীয় মেয়র আলহাজ্ব তালুকদার আব্দুল খালেককে পরিবেশবান্ধব গাছ উপহার দেন সম্মেলনের চেয়ারম্যান প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর।

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) ওয়েস্টসেফ-২০১৯ "সিক্সথ ইন্টারন্যাশনাল কনফারেন্স অন ইন্টিগ্রেটেড সলিড ওয়েস্ট এন্ড ফিক্যাল স্লাজ ম্যানেজমেন্ট ইন সাউথ-এশিয়ান কানট্রিস" শীর্ষক দুই দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। ২৩ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র আলহাজ্ব তালুকদার আব্দুল খালেক। এসময় তিনি বলেন, "মানব বর্জ্যকে সম্পদে পরিণত করা সম্ভব, তাহলে এটি কোন বোঝা হবে না বরং তা আমাদের উপকার করবে। ওয়েস্ট এন্ড ফিক্যাল স্লাজ ম্যানেজমেন্ট বিষয়টি একটি শহরের উন্নতির জন্য খুবই গুরুত্বপূর্ণ বিষয় এবং খুলনা সিটি কর্পোরেশন সে কাজটিউ করছে"। ওয়েস্টসেফ ২০১৯ এর চেয়ার কুয়েটের সাবেক ভাইস-চ্যান্সেলর এবং সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এবং স্বাগত বক্তৃতা করেন। তিনি বলেন, বাংলাদেশের মত উন্নয়নশীল দেশের জন্য এই কনফারেন্স আশার আলো জ্বালিয়েছে। কনফারেন্সে উপস্থাপিত প্রস্তাবনা কাজে লাগাতে পারলে বর্জ্য ব্যবস্থাপনায় নতুন দিগন্ত উম্মোচিত হবে। চিফ প্যাট্রোন হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের এ্যাকটিং (১৬ পৃষ্ঠায় দেখুন)

## প্রকাশনা কমিটি

| | |
|---|---|
| প্রফেসর ড. সোবহান মিয়া<br>মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ | সভাপতি |
| প্রফেসর ড. সজল কুমার অধিকারী<br>সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ | সদস্য |
| ড. মোঃ সেলিম হোসেন<br>সহযোগী অধ্যাপক, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ | সদস্য |
| মোঃ এস্রাজ-উল-জান্নাত<br>সহকারী অধ্যাপক, আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং বিভাগ | সদস্য |
| মনোজ কুমার মজুমদার<br>পাবলিক রিলেশনস অফিসার | সদস্য-সচিব |

প্রকাশনা কমিটি কর্তৃক জনসংযোগ ও তথ্য শাখা থেকে প্রকাশিত।